# ভগ্ন কূপ

প্রভু, আমি বিশ্বাস করি, প্রভু, আমি বিশ্বাস করি,
সব কিছুই সম্ভব, প্রভু, আমি বিশ্বাস করি।

আসুন আমরা কিছুক্ষণ মাথা নত করে দাঁড়িয়ে থাকি।

2 প্রভু যীশু, এই গানের মাধ্যমে আমরা নম্রভাবে আপনার কাছে প্রকাশ করার চেষ্টা করছি যে, আমরা বিশ্বাস করি। আর আমরা প্রার্থনা করি, প্রভু, এখন, আপনি আমাদের জন্য জীবন-খাদ্য পরিবেশন করবেন, আপনার বাক্য থেকে আমাদের যা প্রয়োজন তা আমাদেরকে প্রদান করুন। কারণ আমরা যীশুর নামে এই প্রার্থনা করি। আমেন।

3 আপনারা বসতে পারেন। আমি নিশ্চিত, আমাদের উচিত, যদি আমি বলি *আমেন* এর স্বয়ং সম্পূর্ণ বাক্য, অগাস্টের ঈশ্বরের আশীর্বাদ এই শ্রোতাদের উপর অবস্থান করবে।

4 আজ সকালে আমি এখানে বসে সভাটি মনোযোগ দিয়ে শুনেছি, সাক্ষ্যগুলি উপভোগ করেছি, প্রত্যেকের নিজেদের প্রকাশ করার বিভিন্ন উপায় রয়েছে। আর নতুনদের কথা শুনতে, এখানে ব্যাপটিস্ট ভাই যিনি একটু ভুল ভেবে ক্ষমা চাইতে এসেছেন। তাই আমি—আমি অবশ্যই মানুষের প্রশংসা করি, এমন কেউ যিনি যথেষ্ট মানুষ হতে পারেন, অথবা—অথবা যথেষ্ট ভদ্রলোক, যদি তিনি মনে করেন যে তিনি ভুল করেছেন। তিনি ঠিক আমার কাছে ক্ষমা চাননি, এটি আমি নই যার কাছে তিনি ক্ষমা চেয়েছিলেন, এটি ঈশ্বর। তাই আমি—আমি তার প্রশংসা করি, দেখুন। ঈশ্বর আমাদের ভাই, এবং তার ধর্মপ্রচারক ভাইকে আশীর্বাদ করুন।

5 আমার, সেই ব্যাপটিস্ট, আপনারা জানেন, আমি নিজে ব্যাপটিস্ট চার্চের অন্তর্ভুক্ত ছিলাম। আমি মিশনারী ব্যাপটিস্ট চার্চের সদস্য ছিলাম। আমি যখন লোকদের মাঝে আসি, আমি জানি আপনারা কেমন অনুভব করেন। আমি একই অনুভব করি, ঠিক এমন কিছু দিয়ে পূর্ণ যা আমি—আমি জানতাম না।

6 একজন পেন্টিকোস্টাল ব্যক্তিকে দেখার আমার প্রথম অভিজ্ঞতা আমার মনে আছে, এটি মিশিগানের ডোওয়াগিয়াক-এ ছিল... আমি আপনাদের কাছে ক্ষমা প্রার্থনা করছি, আমি মাছ ধরার সফরে ডোওয়াগিয়াক ছিলাম, আর ডোওয়াগিয়াক থেকে ইন্ডিয়ানাতে আসছিলাম। সকল গাড়ির উপর আর বাকি জিনিসের উপর,

"যীশু" নামটি আমি দেখতে পাই, আর আমি সেদিন তাদের সভাটি শুনেছিলাম। আর পরের দিন তারা আমাকে প্ল্যাটফর্মে আসতে বললেন, কিছু কথা বলার জন্য, আর আমি তা করেছিলাম। আর আমি...তারা আমাকে জিজ্ঞাসা করেছিলেন, আমি কোন গির্জার অন্তর্গত, আর আমি তাদের বলেছিলাম যে আমি একজন ব্যাপটিস্ট।

7 আর সেই রাতে তাদের একজন বৃদ্ধ নিগ্রো প্রচার করতে যাচ্ছিলেন, আর তিনি নিশ্চয়ই তার আশির দশকের শেষের দিকে ছিলেন, আর তিনি প্ল্যাটফর্মে বেরিয়ে আসেন। বৃদ্ধ ব্যক্তি, তাদের প্রায় তাকে নিয়ে আসতে হয়েছিল। তিনি, সেই লম্বা প্রচারকের কাপড় পরিহিতের মধ্যে একজন ছিলেন, মখমলের কলারযুক্ত, আর তার মাথার চারপাশে গোলাকার সাদা চুল। আর আমি ভেবেছিলাম, "এই সকল ব্যক্তিরা এবং ধর্মতত্ত্ববিদরা এখানে, মহান ব্যক্তি, তারা কীভাবে এই সভাটি এমন একজন ব্যক্তিকে দিয়ে দেন ? ঠিক আছে, বৃদ্ধ লোকটির কোথাও একটি চেয়ারে বসে থাকা উচিত।"

8 তারা সেই দিন প্রচার করছিল যীশু পৃথিবীতে কী করেছিলেন। আর, কিন্তু তিনি, তার পাঠ্য গ্রহণ করেন, আমি বিশ্বাস করি এটি ইয়োব :৭, ২০, থেকে ধরুন, আমি নিশ্চিত নই এটিই সেই বাক্য। যাইহোক, এটি সেই উদ্ধৃতি, অথবা এর কিছু অংশ, "যখন আমি পৃথিবীর ভিত্তিমূল স্থাপন করি, তখন তুমি কোথায় ছিলে, যখন প্রভাতীয় নক্ষত্রগণ একসঙ্গে আনন্দরব করিল, ঈশ্বরের পুত্রগণ সকলে জয়ধ্বনি করিল ?" তারা পৃথিবীতে কি ঘটেছিল সেই বিষয় নিয়ে কথা বলছিলেন, তখন তিনি স্বর্গে কি ঘটেছিল সেই বিষয় নিয়ে কথা বলেন।

9 আর কোথাও, তিনি কথা বলার প্রায় পাঁচ মিনিটের মধ্যে, তাকে, প্রভুর আত্মা তাকে স্পর্শ করে, আর তিনি মেঝেতে লাফিয়ে উঠে তার গোড়ালি একসাথে ঠুকে শব্দ করলেন। আমার, এত জায়গা ছিল, এখানে প্রায় অর্ধেক জায়গা আছে এই প্ল্যাটফর্মে; আর তিনি হাঁটতে থাকলেন, বললেন, "আমার প্রচার করার জন্য আপনাদের এখানে যথেষ্ট জায়গা নেই।"

10 ঠিক আছে, তখন আমার বয়স প্রায় কুড়ি বছর ছিল। আমি ভেবেছিলাম, "যদি—যদি এটা সেই বৃদ্ধকে এইরকম করে, তাহলে আমার কি হবে ?" দেখুন ?

11 আমাদের নতুন ভাইদের জন্য সবকিছু সুশৃঙ্খল রাখার জন্য, তাদের আমরা অবশ্যই আমাদের সহভাগিতায় স্বাগত জানাই। আমি

দেখেছি, আমি বিশ্বাস করি যে তারা এখানে বসে আছেন এমন একজন যাজকের কথা উল্লেখ করেছেন, আমি মনে করি; অবশ্যই, আইরিশ হওয়ায় আমার লোকেরা ক্যাথলিক। আরও কয়েকজন ছিলেন, ব্যাপটিস্ট আর অন্যান্যরাও। আপনারা হয়ত কিছুক্ষণ আগে একটু বিভ্রান্ত ছিলেন। আমি লক্ষ্য করেছি যে ভাইদের মধ্যে কেউই এই বিষয়ে কিছুই বলেন নি, কিন্তু আমি ভেবেছিলাম আমি সরল করার চেষ্টা করব। যখন ভাই শাকারিয়ান...প্রভুর আগমনকে এত কাছে জানতে পেরে, এখানকার সুবক্তা এতটাই আনন্দে পরিপূর্ণ হয়ে গেলেন যে, তিনি—তিনি আমাদের সাথে অজানা ভাষায় কথা বললেন। আর আমাদের অনুবাদকারীরা রয়েছেন যারা এর ব্যাখ্যা প্রদান করেন। যেমন, বাক্য বলে, "যদি কোন অনুবাদকারী না থাকে, তাহলে তারা তাদের শান্তি বজায় রাখুক।" কিন্তু যদি—যদি তারা ভিন্ন ভাষায় কথা বলে এবং তা ব্যাখ্যা করে তাহলে তা ভবিষ্যদ্বাণী হয়ে যায়। তাই সামান্য বিভ্রান্তি এক সময়ে তাদের—তাদের দুইজন। এখন, সেটি একটুও বিভ্রান্তিকর ছিল না, দেখুন; কারণ, তাদের মধ্যে একজন ব্যাখ্যা দিচ্ছিলেন, অন্য একজন ভবিষ্যদ্বাণী করছিলেন। দেখুন? তাই সেটি...

12 আমি ভেবেছিলাম আমি আমাদের ভাইদের বুঝতে সাহায্য করব, যদি তারা বুঝতে না পারেন, কারণ তাদের মধ্যে একজন সঠিকভাবে করছিলেন...আপনারা কি প্রত্যেকের সময় সীমা লক্ষ্য করেছেন? আর অন্যজন এতটাই পরিপূর্ণ ছিল যে, ঈশ্বরের আত্মা একজনের মাধ্যমে ভবিষ্যদ্বাণী করছিলেন; ব্যাখ্যা করছিল, অন্যজন তার ব্যাখ্যা করছিল। যাতে এটি পরিষ্কার হতে পারে, যে আপনি...আমরা নই...কখনও কখনও, স্বাভাবিক মনের কাছে... ঠিক আমাদের বহুমূল্য ভাইয়ের মতো যিনি আজ সকালে ক্ষমা প্রার্থনা করেছিলেন। যে ব্যক্তি বোঝেন না তার কাছে এটি কিছুটা বিভ্রান্তিকর। কিন্তু যারা বুঝতে পারেন তাদের কাছে, আমরা যে যুদ্ধে আছি, কেন, আমরা বুঝতে পারি, এই জিনিসগুলো কি। তাই আমি ভেবেছিলাম যে আমি এই বিষয়ে কিছু বলব, যদি এটি ঠিক হয়।

13 এখন, আমি—আমি জানি এটা বলার স্থান নেই। কিন্তু সকলেই ছোট ছোট বিষয় বলছেন, আমি...আপনারা জানেন, সেই ব্যক্তিটি বললেন, বৃদ্ধ নিগ্রো ব্যক্তিটি বলেছেন, "আমার প্রচার করার জন্য আপনাদের কাছে যথেষ্ট জায়গা নেই।" আমার প্রচার করার জন্য আপনাদের কাছে যথেষ্ট *সময়* নেই। [মণ্ডলী সাধুবাদ জানায়—সম্পাদকীয়।] বরং দীর্ঘসূত্রিত।

14 একদিন একজন ব্যক্তি বললেন, "একজন সেবক এসেছিলেন,

তিনি কুড়ি বছর ধরে গির্জার পালক ছিলেন। আর তিনি সবসময় তার গির্জায় প্রতি রবিবার সকালে, ঠিক ত্রিশ মিনিট প্রচার করতেন।" আর তিনি বললেন, "এই রবিবার সকালে, তিনি তিন ঘণ্টা প্রচার করেন।"

15 তাই ডিকনদের বোর্ড তাকে ডেকে বললেন, "পালক, আমরা সত্যিই আপনার প্রশংসা করি।" বললেন, "আমরা জানি যে—যে আপনি বাইবেল এবং এর অধিকারের পক্ষে সবসময় দাঁড়িয়েছেন।" আর তারপর বললেন, "আর আপনি সর্বদা আমাদের সংশোধন করেন যাতে আমরা ঈশ্বরের সামনে শুদ্ধ ও পরিচ্ছন্ন বোধ করতে পারি। আর আমরা সত্যিই আপনার প্রশংসা করি, আর আমরা বিশ্বাস করি যে আপনি ঈশ্বরের দাস। আর আমরা অবশ্যই আজ সকালে সেই বার্তাটির প্রশংসা করেছি। কিন্তু," বললেন, "আমরা আপনাকে শুধুমাত্র একটি বিষয় জিজ্ঞাসা করতে চাই।" বললেন, "আমরা একটি ডিকন বোর্ড হিসাবে, আপনাকে সময় দিয়েছি।" বললেন, "প্রতি রবিবার সকালে আপনার জন্য ঠিক ত্রিশ মিনিট, আর আজ আপনি তিন ঘন্টা নিলেন।" বললেন, "এখন, মনে রাখবেন, আমরা এর প্রতিটি অংশের প্রশংসা করি। এটি ঠিক ছিল।" বৃদ্ধ ব্যক্তিটি যেন ভালো বোধ করেন, আপনারা জানেন।

16 তিনি বললেন, "ঠিক আছে, ভাইয়েরা, আমি আপনাকে বলব এটি কেমন।" বললেন, "প্রতিদিন সকালে যখন...আমাকে বেদীতে ডাকা হয়," বললেন, "আমি সেই ছোট্ট লাইফ সেভার আমার মুখে রাখি," তিনি বললেন, "আর আমি এটা চুসতে থাকি।" বললেন, "লাইফ সেভার শেষ হয়ে গেলে," বললেন, "এটি মাত্র ত্রিশ মিনিট লাগে," আর বললেন, "তারপর আমি প্রচার করা বন্ধ করি।" তিনি বললেন, "তোমরা জানো, আজ সকালে, আমি ভেবেছিলাম আমি একটু ওভারটাইম করছি। আমি এটা বের করে দিই, আমার মুখে একটি বোতাম ছিল।"

17 আমি কোন কিছু রাখতে যাচ্ছি না, তাই আমরা আশা করি আমাদের পকেটে কোন বোতাম পাবেন না। কিন্তু আমরা... আমি আশা করি এটি এখানে নিন্দনীয় শোনায়নি। কিন্তু আমি শুধু...আপনারা জানেন, এমনকি ঈশ্বরেরও রসিকতাবোধ আছে, আপনারা জানেন।

18 তাই আমরা এখানে এই সহভাগীতায় উপস্থিত হওয়ার জন্য, এবং—এবং আমাদের নিজস্ব সহজ উপায়ে এই মহান বিশেষাধিকারের সাথে পুনরায় জীবনের রুটি ভাঙার জন্য খুবই কৃতজ্ঞ। আমি জানি, ধর্মতাত্ত্বিক হিসাবে, যে ব্যক্তিটি গত রাতে

ইংল্যান্ড থেকে এসে এখানে কথা বলেছিল; আমার সপ্তম শ্রেণির পড়ালেখা নিয়ে এমন একজন ব্যক্তির পরে প্রচার করা আমি অপছন্দ করি। কিন্তু আমি আশা করি যে ঈশ্বর আপনাদের কাছে আমার হৃদয়ের অর্থ ব্যাখ্যা করবেন। দেখুন ? আমার কথা যদি ঠিক না হয়, আমার উদ্দেশ্য, আমি—আমি বিশ্বাস করি, তারা ঠিক।

19 এখন আসুন আমরা শাস্ত্র পাঠ করি। আপনাদের অনেকেই অনুসরণ করতে পছন্দ করেন। আমি আজ সকালে পড়তে যাচ্ছি, মাত্র কয়েক মুহূর্তের জন্য, যিরমিয়, ভাববাদীর পুস্তক থেকে, ২য় অধ্যায়, আর এখন আমি ১ম পদ দিয়ে শুরু করতে যাচ্ছি।

*আর সদাপ্রভুর এই বাক্য আমার নিকটে উপস্থিত হইল,*

*তুমি যাও, যিরূশালেমের কর্ণগোচরে এই কথা প্রচার কর, সদাপ্রভু এই কথা কহেন; তোমার পক্ষে তোমার যৌবনের ভক্তি, তোমার বিবাহের প্রেম আমার স্মরণ হয়, তুমি আমার পশ্চাতে প্রান্তরে, যেখানে বপন করা যায় নাই, এমন দেশে গমন করিয়াছিলে।*

*ইস্রায়েল সদাপ্রভুর উদ্দেশে পবিত্র, তাঁহার আয়ের অগ্রিমাংশ ছিল: যে সকল লোক তাহাকে গ্রাস করিবে... তাহারা দোষী হইবে; তাহাদের প্রতি অমঙ্গল ঘটিবে, ইহা সদাপ্রভু বলেন।*

*হে যাকোবের কুল, হে ইস্রায়েল-কুলের সমুদয় গোষ্ঠী, সদাপ্রভুর বাক্য শুন:*

*সদাপ্রভু এই কথা কহেন, তোমাদের পিতৃপুরুষেরা আমার কি অন্যায় দেখিয়াছে যে, তাহারা আমা হইতে দূরে গিয়াছে, অসারতার অনুগামী হইয়া অসার হইয়াছে ?*

*তাহারা বলে নাই যে, সেই সদাপ্রভু কোথায়, যিনি মিসর দেশ হইতে আমাদিগকে বাহির করিয়া আনিয়াছিলেন, যিনি প্রান্তরের মধ্য দিয়া, মরুভূমি ও গর্ত্তময় ভূমি দিয়া, জলবিহীনতার ও মৃত্যুচ্ছায়ার ভূমি দিয়া, আর... পথিকবিহীন ও নিবাসী-বর্জ্জিত ভূমি দিয়া, আমাদিগকে লইয়া আসিয়াছিলেন ?*

*আমি তোমাদিগকে এই ফলবান দেশে আনিয়াছিলাম, যেন তোমরা এখানকার ফল ও উত্তম উত্তম সামগ্রী ভোজন কর; কিন্তু তোমরা প্রবেশ করিয়া আমার দেশ অশুচি করিলে, আমার অধিকার ঘৃণাস্পদ করিলে।*

*যাজকেরা বলে নাই, সদাপ্রভু কোথায়? এবং যাহারা ব্যবস্থা হাতে করে, তাহারা আমাকে জানে নাই: পালকেরা আমার বিরুদ্ধে অধর্ম্মাচরণ করিয়াছে, ভাববাদিগণ বাল দেবের নাম লইয়া ভাববাণী বলিয়াছে, এবং এমন পদার্থের পশ্চাদগামী হইয়াছে, যাহাতে উপকার নাই।*

*অতএব আমি...তোমাদের সহিত আরও বিবাদ করিব, ইহা সদাপ্রভু কহেন, এবং তোমাদের পুত্রপৌত্রগণেরও সহিত বিবাদ করিব।*

*বস্তুতঃ...তোমরা পার হইয়া কিত্তীয়দের উপকূল সমূহে যাও, দেখ; আর কেদরে লোক পাঠাও, সূক্ষ্ম বিবেচনা কর, দেখ, এমন কি হইয়াছে।*

*কোন জাতি কি আপনাদের দেবগণের পরিবর্ত্তন করিয়াছে, সেই দেবগণ...ত ঈশ্বর নয়? কিন্তু আমার প্রজাগণ এমন বস্তুর সহিত আপনাদের গৌরবের পরিবর্ত্তন করিয়াছে, যাহাতে উপকার নাই।*

*হে আকাশমণ্ডল, ইহাতে স্তম্ভিত হও, রোমাঞ্চিত হও,... অসাড় হইয়া পড়, ইহা সদাপ্রভু কহেন।*

*কেননা আমার প্রজাবৃন্দ দুই দোষ করিয়াছে; জীবন্ত জলের উনুই যে আমি, আমাকে তাহারা ত্যাগ করিয়াছে, আর আপনাদের জন্য কূপ খুদিয়াছে, সেগুলি ভগ্ন কূপ, জলাধার হইতে পারে না।*

20 প্রভু তাঁর বাক্য পাঠে তাঁর আশীর্বাদ যোগ করুন। আর আমি সেখান থেকে একটি—একটি পাঠ্য নিতে চাই, যা হল, *ভগ্ন কূপ*।

21 যখন, আজ সকালে এই বাক্য পাঠের মধ্যে; সকল বাক্য অনুপ্রেরণা দ্বারা দেওয়া হয়েছে। আর আমরা সংশোধন এবং বোঝার জন্য প্রভুর গৃহে আসি। আর কখনও কখনও আমরা দেখি...পথের কোন ছোট বিষয়।

22 এই সামরিক ব্যক্তির মতো, কিছুক্ষণ আগে, আমাদের সাথে কিছু বিষয় নিয়ে কথা বলছিলেন, সম্ভবত অন্য কোন দেশে একটি বিশেষ ক্ষেপণাস্ত্র রয়েছে, অথবা—অথবা এমন কিছু, আর এটি প্রতিহত করার জন্য আমাদের কোন—কোন সামরিক কৌশল খুঁজে বের করতে হবে।

23 ঠিক আছে, একই বিষয় একটি মণ্ডলীর জন্যও প্রযোজ্য, একটি প্যারিশে যেখানে একজন ব্যক্তি প্রচার করছেন, অথবা যদি তিনি কার্যক্ষেত্রের একজন ধর্মপ্রচারক হন। যখন তিনি বিদ্রোহ দেখেন,

এবং এমন কিছু যা সবে শুরু হচ্ছে, চলছে, তার শৈশবকালে বা যাই হোক না কেন; এটা সেই ব্যক্তি, যদি তিনি ঈশ্বরের সেবক হন, সেই বিষয়টিকে মানুষের মন থেকে এতদূর অবরুদ্ধ করেন যেন তারা এটা থেকে দূরে থাকেন। আর আমরা চাই না যে এটি ঘটুক, যাতে আমরা সেরকম জায়গায় প্রবেশ করি।

24 এখন, এখানে যিরমিয়ের সময়ে, তার ভবিষ্যদ্বাণী, যিশাইয়—যিশাইয়ের মৃত্যুর পর প্রায় ষাট বছর হয়ে যায়। আর তারা প্রায় ষাট বছর কোন প্রধান ভাববাদী ব্যতীত ছিলেন। সেখানে হবক্কূক এবং অনান্য ছোট ছোট ভাববাদীরা ছিলেন, কিন্তু যিশাইয় ছিলেন শেষ বড় ভাববাদী। আর লোকেদের, এই সময়ে, তাদের ডাকার মতো কেউ ছিলেন না। তারা সরে গিয়েছিল। তবুও, তারা ঈশ্বরের লোক ছিল, এই অবস্থায় চলে যায় যা—যা আমরা তাদের এখন খুঁজে পাই, যিরমিয় তাদের কাছে ভাববাণী বলতে এসেছিল। আর যিরমিয়ও ছিলেন...তিনি নির্বাসনের আগে ভবিষ্যদ্বাণী করেছিলেন এবং তাদের সাথে নির্বাসনেও গিয়েছিলেন।

25 আর তারপর, অবশ্যই, দানিয়েল যিরমিয়ের পরে আসেন। দানিয়েল বলেছিলেন যে তিনি বুঝতে পেরেছিলেন, বাক্যের দ্বারা, যে তারা সত্তর বছর সেখানে থাকবে।

26 অবশ্যই, তাদের মধ্যে আরো একজন ভাববাদী ছিলেন, যিনি এই জোয়ালটি তৈরি করতে চেয়েছিলেন, যেভাবে তিনি এটি তার ঘাড়ে রেখেছিলেন, যে এটি একটি ছোট বিষয় হবে, যে দুই বছরের মধ্যে, ঠিক আছে, ঈশ্বর তাদের সবাইকে ফিরিয়ে আনতে চলেছেন, কিন্তু যিরমিয় তার থেকে ভিন্ন কিছু বিষয় জানতেন। আর আমরা জানি যে সেই ভাববাদী যিনি ভুল ভবিষ্যদ্বাণী করেছিলেন, তিনি সেই বছরই মারা যান। তাই ঈশ্বর তাকে দাঁড়াতে দেন নি।

27 আর এখন আমরাও লক্ষ্য করছি সেদিনের মানুষের অবস্থা। এখন আমি চাই না যে আপনারা আমাকে ভুল বুঝেন, আমি—আমি নই, লক্ষ্য...আমি এখানে যা বলতে চাই, তা হল কিছু বাক্য এবং সামান্য মন্তব্য।

28 বাক্যগুলি আগে আমাকে লিখে—লিখে রাখতে হত না। কিন্তু আমি দ্বিতীয়বার পঁচিশ পার করার পর, ঠিক আছে, আমি—আমি আগের মত মনে রাখতে পারি না, তাই আমি একটি বাক্য লিখে রাখি, আর তা থেকে জানতে পারি, আমি কোথায় যাচ্ছি। আর তারপরে অসুস্থদের জন্য এত সময় প্রার্থনা করা আরও অনেক কিছু, আমার সত্যিই অধ্যয়ন করার মতো সময় নেই যা আমার করা উচিত।

29 এখন, কিন্তু এই দিনের এই মহান ভাববাদী, যিনি যিরমিয় ছিলেন, আর তিনি আমোষ এবং অন্যান্য অনেক ভাববাদীদের ব্যবস্থা অনুসারে ছিলেন, যারা এসেছিলেন। জাতির অবস্থা দেখে তিনি আলোড়িত হন। এখন সেখানে এমন স্থান ছিল...

30 কখনও কখনও আপনি যখন একটি জাতির কথা বলছেন, তখন এটি মনে হতে পারে যে এটি একটি—একটি নির্দিষ্ট দলের প্রতিফলন করছে। এটা তা নয়। এটা জাতির সামগ্রিক চিত্র। আর আমরা খুঁজে পাই, আজ, আজকে একটি—একটি খুব তুলনামূলক অবস্থা যেমনটি যিরমিয়ের সময়ে ছিল, যে জাতি স্বয়ং, একেবারে, মূর্তিপূজার মধ্যে চলে যায়; এক প্রকার, আমি বলব, ঈশ্বরের কাছ থেকে দূরে সরে যায়। আর এটি করার মাধ্যমে, এটি বেদীর দুর্বলতায় পরিণত হয়। কারণ, যদি বেদী ঈশ্বরের বাক্যের সাথে সোজা থাকে, ঈশ্বর প্রতিটি গির্জায় থাকবেন যেমন তিনি আমাদের মধ্যে এখানে আছেন। কিন্তু তারা তা থেকে সরে এসেছে। আর এই বিষয় নিয়ে আমি—আমি আজ সকাল কথা বলতে চাই। আর এখন আমরা দেখতে পাই যে এটি প্রতিটি যুগের জন্য একেবারে সত্য।

31 আমি বিশ্বাস করি তিনি আমোষ ছিলেন, যেমনটি আমি কিছুক্ষণ আগে তাঁর বিষয়ে উল্লেখ করেছি, তিনি বলেছিলেন যে তিনি "ভাববাদী নন, অথবা ভাববাদীর পুত্রও নন।" কিন্তু বলেছিলেন, যে, "সিংহ গর্জ্জন করিল, কে না ভয় করিবে?"

32 আর যদি কেউ কখনো মরুভূমিতে সত্যিকারের সিংহের গর্জন শুনে থাকে, আপনারা এখানে খাঁচায় যা শুনতে পান, সেগুলো মিও মিও করা। কিন্তু যখন একটি মরুভূমিতে গর্জন করে, তখন সকলে স্তব্ধ হয়ে যায়। আমি তাদের শিকার করার জন্য জঙ্গলে আছি। আর সে পশুদের রাজা, যখন সেই সিংহ গর্জন করে, এমনকি পোকাও চি চি করা বন্ধ করে দেয়, সকলেই স্তব্ধ হয়ে যায়। শেয়াল—শেয়াল আর—আর হায়েনা চিৎকার করছে, আর অন্যান্য প্রাণীরা, বেবুন ও বানরের ডাকছে, পোকা, আপনি নিজেকে শুনতে পাবেন না; কিন্তু দূরে একটি সিংহ গর্জন করুক, প্রতিটি পোকা চি চি করা বন্ধ করবে। দেখুন, সকলে তাকে ভয় পায়। তবুও, তাকে হত্যা করতে পারে এমন অনেক কিছু আছে, কিন্তু সে পশুদের মধ্যে রাজা হিসাবে স্বীকৃত।

33 তিনি বলেছেন, "সিংহ গর্জ্জন করিলে, কে না ভয় করিবে?" তিনি বলেছেন, "প্রভু সদাপ্রভু কথা কহিলেন, কে না ভাববাণী বলিবে?"

34 আর এটাই, আমি মনে করি, শর্তটি আজ পুনরায় সেই চ্যালেঞ্জটি পূরণ করেছে। ঈশ্বর কথা বলেছেন। দেখুন? আমরা দেওয়ালে হস্তলেখ দেখেছি, তাই ভবিষ্যদ্বাণী করা খুব সহজ এবং দেখতে পাচ্ছি যে আমরা শেষ সময়ে আছি।

35 আর আমরা ঈশ্বরকে দেখতে পাচ্ছি, ধর্মসম্প্রদায়ের প্রতিটি ভাগ থেকে, ক্যাথলিক থেকে শুরু করে, সকল প্রোটেস্ট্যান্ট চার্চের মধ্য দিয়ে, বৌদ্ধ ইত্যাদি, ভারত থেকে, এবং আরও যা কিছু আছে, তিনি তাঁর লোকেদের একত্রিত করার জন্য আহ্বান করছেন, তাদের একত্রিত করছেন। আর আমি—আমি সেই দিনটি আসছে দেখতে পেরে খুব খুশি। এখন আমরা...এটি—এটি একটি মহান দিন, সর্বশ্রেষ্ঠ বিশেষাধিকারগুলির মধ্যে একটি।

36 যদি আমাকে করতে হয়, যদি আমি জানতাম যে সেখানে আগে একটি বিশ্ব ছিল, যখন আমরা আত্মায় ঈশ্বরের অংশ ছিলাম, যা আমরা হই, কারণ জগতের পত্তনের আগে আমরা তাঁর সঙ্গে ছিলাম। কারণ, অনন্ত জীবনের একটাই রূপ আছে, আর তা হল ঈশ্বর। আর আমরা তার একটি অংশ। আমরা জানতে পারব এবং—এবং চিন্তা করতে পারব এমন অবস্থায় আমরা ছিলাম না, আমাদের কোন সত্তা ছিল না; কিন্তু জগত পত্তনের আগে আমরা যা ছিলাম তা তাঁর চিন্তায় ছিলাম। কারণ, আমরা তাঁরই অংশ, যেমন আমার ছেলে আমার অংশ, আর আমি আমার পিতার অংশ, এমনি করে। তাঁর পূর্বজ্ঞান দ্বারা আমরা ঈশ্বরের পুত্র ও কন্যা।

37 আর সেখানে, আমি এখন যা জানি যদি তা জানতাম, এবং পুরো সময়টি যদি দেখতাম, তিনি হয়ত আমাকে বলতেন, "তুমি কোন সময়ে বাঁচতে চাও?" আমি এই সময়ের কথা বলতাম, বিশ্বের—বিশ্বের ইতিহাসের সমাপ্তি, এবং ঈশ্বরের রাজ্য পৃথিবীতে প্রতিষ্ঠিত হওয়ার ঠিক আগের সময়টি। আমি মনে করি এটি সব যুগের চেয়ে সবথেকে গৌরবময় সময়, এখনই সেই সময়।

38 আমরা এখানে দেখতে পাই যে ইস্রায়েলকে ভাববাদীদের দ্বারা অভিযুক্ত করা হয়েছে, যখন ঈশ্বর তাকে নিযুক্ত করেছিলেন এবং তাকে পাঠিয়েছিলেন, তাদের দুটি বড় পাপের জন্য অভিযুক্ত করা হয়েছিল। আর আমরা সেই দুইটি বিষয় নিয়ে কথা বলতে চাই যা তারা করেছিল। আর, এর থেকে, আমরা এর দ্বারা উন্নতি লাভ করতে চাই। এখন, তারা জীবন্ত জলের উনুই, ঈশ্বরের কাছ থেকে সরে গিয়েছিল এবং নিজেদের জন্য কূপ খনন করেছিল। ঈশ্বর তাদের যে জিনিস দিয়েছিলেন তা থেকে তারা সরে গিয়েছিল, এবং তারা নিজেরাই নিজেদের মত করে খনন করেছিল। আর

এই কূপগুলি, আপনারা লক্ষ্য করেছেন, তাদের, সেগুলি ভেঙে গিয়েছিল এবং সেগুলি ফুটো হয়ে গিয়েছিল।

39 এখন ভাঙা কূপগুলি জল ধরে রাখতে পারে না। এটি ছিদ্র দিয়ে বেরিয়ে যাবে। আমি একটি খামারে বড় হয়েছি, আমি জানি একটি পুরানো কূপ কেমন, আর এটি নিয়ে আমাদের যে সকল সমস্যা হয়।

40 আর এই ছিদ্রযুক্ত কূপটি হল একটি—একটি খুব সুন্দর ছবি, আমি মনে করি, এই সময়ের জন্য, যখন আমরা লোকদের একত্রিত করতে, মানুষকে একত্রিত করতে, মণ্ডলীগুলোকে একত্রিত করতে, (আমাদের) সকল চেষ্টা করেছি, এটি সর্বদা বুদ্ধিবৃত্তিক প্রচেষ্টার রাজ্যে পরিণত হয়েছে। আমরা চেষ্টা করেছি সকল মেথডিস্টকে ব্যাপটিস্টে পরিনত করতে, এবং তদ্বিপরীতে, এবং বিভিন্ন ধর্মসম্প্রদায় হয়ে উঠতে। আর শুরু করার জন্য এটি ঈশ্বরের কর্মসূচি ছিল না।

41 ঈশ্বরের একটি মাত্র সাক্ষাৎ করার স্থান রয়েছে। তিনি সেখানে যাত্রাপুস্তক বইতে বলেছেন, যে, "আমি আমার নাম রাখার স্থানটি বেছে নিয়েছি, আর এটিই একমাত্র স্থান যেখানে আমি লোকেদের সাথে দেখা করব।" আর তিনি তাঁর নাম রাখার জন্য একটি স্থান বেছে নিয়েছিলেন। যেখানে তিনি তাঁর নাম রেখেছেন, সেখানেই তিনি ইস্রায়েলের সাথে দেখা করেছিলেন। তাঁর একটি স্থান আছে যেখানে তিনি আজ তাঁর মণ্ডলীর সাথে দেখা করেছেন, এবং তিনি সেই নামটি বেছে নিয়েছেন, এবং সেই নামটি হল যীশু খ্রীষ্ট। সেখানে তিনি সত্য বিশ্বাসীর সাথে দেখা করেন, যখন তিনি যীশু খ্রীষ্টে থাকে। সেখানেই ঈশ্বর তাঁর নাম রাখার জন্য বেছে নিয়েছেন।

আপনারা বলেন, "ঈশ্বরের নাম?"

42 তিনি বলেছিলেন, "আমি আমার পিতার নামে এসেছি।" তাই সেখানেই ঈশ্বর তাঁর নাম রেখেছিলেন, সেটি খ্রীষ্টে ছিল। আর খ্রীষ্টে যেখানে আমরা সকলে রক্তের নীচে মিলিত হতে পারি, আর সেখানে প্রকৃত, সত্যিকারের সহভাগিতা রয়েছে।

43 ঈশ্বর আদিতে তাঁর কর্মসূচী তৈরি করেছিলেন, এদন উদ্যানে, যেখানে তিনি মানুষের সাথে মিলিত হতেন, আর এটি বুদ্ধিবৃত্তিক প্রজ্ঞার উপর ছিল না; যদি এটি হত, হবা তার কর্মসূচীর সাথে সঙ্গতিপূর্ণ হত। কিন্তু আমরা জানি যে সে শয়তানের বুদ্ধিবৃত্তিক প্রজ্ঞা গ্রহণ করে, "নিশ্চয়, ঈশ্বর তা করবেন না," কিন্তু ঈশ্বর বলেছেন তিনি করবেন! আর তাই তিনি রক্তের দ্বারা পরিত্রাণের স্থানটি বেছে নিয়েছিলেন, বুদ্ধিবৃত্তিক প্রজ্ঞার দ্বারা নয়।

44 তাই আমরা কেবল বাতাস মারছি, তবে এটি কেবল মানুষের স্বভাব যে—যে এটা—এটা করার জন্য মানুষ চেষ্টা করবে। যদি আমাদের সময় থাকে, আমরা এটিকে অনেক টুকরো করে ভেঙ্গে ফেলতে পারতাম, কিন্তু আমি সেই বোতামটি চাই না। তাই আমরা এটি যতটা সম্ভব সহজ করার চেষ্টা করব, "ছিদ্রযুক্ত কূপ।" আর আমরা খুঁজে পাই যে এটি—এটি পুনরায় ঘটেছে, আমাদের সমস্ত প্রচেষ্টার, এটি আমাদের যুগের একটি চিত্র যেখানে আমরা বাস করছি।

45 এবং ঈশ্বরের কোনো দাস, এমনকি যীশু খ্রীষ্টের নামও যে সমস্ত প্রচেষ্টাকে উপেক্ষা করে না। এমনকি শ্রদ্ধা ও সম্মানে তার নাম রাখার জন্য তাকে সম্মানিত করা উচিত। আর মহান ইভাঞ্জেলিস্টিক্যাল নিয়মবদ্ধ রীতি যা সমগ্র পৃথিবীব্যপ্ত, ইত্যাদি, আর এই শেষ দিনে, আমি মনে করি, এখনও আমরা মানুষকে এক হৃদয়ে আনতে সক্ষম হব না যতক্ষণ না আমরা তাদের যীশু খ্রীষ্টের রক্তের নীচে না নিয়ে আসি। এটাই একমাত্র স্থান যেখানে আমরা নিরাপদে থাকব।

46 কেউ আমাকে কিছু দিনে আগে পূর্ব দিক থেকে ডেকেছিলেন, আর বললেন, "ভাই ব্রানহাম, আমি শুনেছি আপনি এখান—এখান থেকে অ্যারিজোনায় চলে গেছেন, আর আপনি একটি—একটি স্থান তৈরী করেছেন যেখানে নিরাপত্তা আছে।" আর আপনারা জানেন কিভাবে বার্তা আসে, প্রভু আমাকে বলেছিলেন যে আলাস্কায় কি ঘটবে, আর ক্যালিফোর্নিয়ায় এটি কিভাবে আসবে, আর এটি ঠিক সেভাবেই হয়েছে। তারা বলেছিলেন, "এখন যদি এটি সবকিছু নিয়ে কাঁপতে থাকে, তাহলে নিরাপত্তা বলয় কোথায়?"

47 আমি বলেছিলাম, "আমি জানি সেখানে একটি নিরাপদ স্থান আছে। সেটি হল খ্রীষ্টে। যারা খ্রীষ্টের মধ্যে আছেন, হবে..." এটি একমাত্র স্থান যা আমি জানি।

48 এখন যিরমিয়কেও ডাকা হয়েছিল, "ক্রন্দনরত ভাববাদী।" কারণ, আমি বিশ্বাস করি, যে বিষয়টি এই ভাববাদীকে কাঁদিয়েছে—কাঁদিয়েছে, বরং, কারণ তিনি একজন ভাববাদী ছিলেন (আর প্রভুর বাক্য এইরকম লোকের কাছে আসে) আর লোকেদের তাদের পরম্পরাগত বিধি অনুসরণ করতে দেখে, ভেবেছিল যে তারা ঠিক করছে, এবং তাদের ফেরানোর কোন পথ ছিল না।

49 কারণ, তারা সরাসরি নির্বাসনে যাচ্ছিল, কারণ আমরা জানি যা বপন করবেন তাই কাটবেন, আপনি কে, আপনি কি তা নির্বিশেষে।

আর আমরা একটি জাতি হিসাবে ফসল কেটেছি, অথবা, বপন করেছি, আর আমাদের তা কাটতে হবে। আমি আগামীকালের বিষয়ে বলছি, যদি প্রভু চান, বিকেলে, *প্রসব বেদনার* বিষয়ে; আর আমি—আর আমি সেখানে এই বিষয়টি স্পর্শ করব, যে আমরা কিছু না নিয়ে যেতে পারি না। আমরা যা বপন করি তা আমাদের অবশ্যই কাটতে হবে।

50 আর যদি ঈশ্বর আজ আমাদের খ্রিস্টধর্মের বিকৃতি থেকে মুক্তি পেতে দেন, আর জনগণকে এইসব বিষয়ে বিকৃত করা যা তথাকথিত খ্রিস্টান ধর্ম, যেমন ভাই মুর একবার বলেছিলেন, "তিনি নৈতিকভাবে সদোম এবং ঘমোরাকে উত্থাপন করতে এবং তাদের পুড়িয়ে দেওয়ার জন্য ক্ষমা চাইতে বাধ্য হবেন।" এটা ঠিক, কারণ ঈশ্বর এখনও ন্যায়পরায়ণ। আর যেখানে অন্যায় প্রবেশ করেছে; এটি—এটি তাঁর পবিত্রতা এবং তাঁর বাক্য হয়ে উঠছে, যেন লোকেরা যা বপন করে, তারা সেই ফসল কাটে, আর আমাদের তা করতে হবে।

51 এখন লক্ষ্য করুন যে তারা তাকে, জীবন্ত জলের উনুইকে ত্যাগ করে এবং নিজেরাই নিজেদের কূপ খনন করে।

52 এখন এখানে এমন কেউ থাকতে পারেন যিনি কূপ কী তা বুঝতে পারেন না। একটি কূপ [শুষ্ক অঞ্চলে মাটির নীচে জল রাখার পাত্র—অনুবাদক] হল একটি মানবসৃষ্ট জলের পাত্র যা একটি ঝরনার স্থান নেওয়ার চেষ্টা করে। এটি এমন কিছু যা কেউ খনন করেছে। কতজন জানেন একটি কূপ কি? ঠিক আছে। ঠিক আছে, আজ সকালে এখানে অনেক দেশের লোকেরা আছেন। তাই তারা...আমি সেই স্থানে পুরানো কূপের কথা মনে করি, এটি দেখতে কেমন ছিল, আর আমি সবসময় জিনিসটি থেকে পান করতে ভয় পেতাম। এটি ছিল একটি—একটি মানুষের তৈরি ট্যাঙ্ক। এর উপর কখনই নির্ভর করা যেত না। আপনি একটি কূপের উপর নির্ভর করতে পারবেন না।

53 এখন মানুষ যা কিছু করে তা সাধারণত খুব একটা ভালো হয় না। কিন্তু ঠিক যেমন প্রভু—প্রভু সময় নির্ধারণ করেছিলেন এর চক্রের মধ্যে—মধ্যে—মধ্যে, আর পৃথিবী ঘুরছে; প্রতি বছর, প্রতিবার এটি অতিক্রম করে, প্রতিদিন, প্রতি ঘন্টা, আর সূর্যাস্ত হয়, এটি কখনই ব্যর্থ হয় না। কিন্তু আমাদের খুব ভালো ঘড়ি, সন্দেহ নেই এক মাসের মধ্যে অনেক মিনিট প্রদর্শন করতে এটি ব্যর্থ হবে। কিন্তু, আপনারা দেখুন, ঈশ্বর যা করেন তা নিখুঁত আর মানুষ যা করে তা

ত্রুটিপূর্ণ। তাহলে কেন মানুষ যা করে তা গ্রহণ করব, যখন আপনি সিদ্ধকে গ্রহণ করতে পারেন?

54 আমি সবসময় আমাদের পেন্টিকোস্টাল লোকদের সম্পর্কে এটি বলেছি। দেখুন, আমরা জানি, এবং আমরা নই—আমরা অবশ্যই ঈশ্বরের আদেশের বাইরে নই, আমরা বিশ্বাস করি না; কিন্তু আমরা এটাও জানি যে আমাদের মধ্যে এমন লোক আছে যারা অন্যের ছদ্মবেশ ধারণ করার চেষ্টা করছে। এটা মানুষ। তারা সেটা করার চেষ্টা করবে। তারা বাইবেলে এটা করেছে, "এক, 'আমি পৌলের,' 'আমি সিলাসের,'" ইত্যাদি। কিন্তু তারা—তারা অন্য কেউ কি করেছে বা করছে তা ছদ্মবেশ ধারণ করার চেষ্টা করে।

55 তবে কেন আপনি মিথ্যা ছদ্মবেশ গ্রহণ করবেন, যখন আকাশ সত্য বিষয়ে পূর্ণ, যখন "এই প্রতিজ্ঞা তোমাদের জন্য ও তোমাদের সন্তানগণের জন্য"? আমরা কেন ভিন্ন কিছু গ্রহণ করব? কেন আমরা একটি ধর্মমত বা মতবাদ গ্রহণ করব, যখন বাইবেল ঈশ্বরের বিশুদ্ধ বাক্য? কেন আমরা এর সাথে যোগ করার অথবা হরণ করার চেষ্টা করব, যখন প্রভু যীশু প্রকাশিত বাক্য ২২:১৮ তে বলেছেন, "যদি কেহ ইহা হইতে একটি বাক্য হরণ করে, অথবা যোগ করে, তবে জীবন-বৃক্ষ হইতে তাহার অংশ হরণ করা হইবে"?

56 যখন ঈশ্বর প্রথম মানব জাতিকে পৃথিবীতে...স্থাপন করেছিলেন, তিনি তাদের বলেছিলেন যে তারা তাঁর বাক্য দ্বারা জীবিত থাকবে। এখন ঈশ্বরের বাক্য একটি শিকলের মতো, আপনি এটি নিয়ে নরক অতিক্রম করছেন; আর এই শিকল সর্বোত্তম তার দুর্বলতম অংশে, আর ঈশ্বর চান যেন আমরা এর প্রতিটি বাক্য পালন করি। এখন সেটি বাইবেলের প্রথম অংশ ছিল; শুধু একটি বাক্য ভাঙার জন্য, মানব জাতিকে মৃত্যুর অন্ধকারে নিমজ্জিত করেছে।

57 যীশু বাইবেলের মাঝখানে এসেছিলেন, আর তিনি বলেছিলেন যে, "মনুষ্য কেবল রুটীতে বাঁচে না, কিন্তু প্রতিটি বাক্য দ্বারা।" শুধু বাক্যের অংশ নয়, অথবা একশোর মধ্যে নিরানব্বইটি; কিন্তু প্রতিটি বাক্য, ঠিক যেমন আদম ও হবা ছিলেন।

58 প্রকাশিত বাক্য ২২:১৮, বাইবেলের শেষাংশে, তিনি বলেছেন যে, "যদি কেহ ইহা হইতে কোন বাক্য হরণ করে, অথবা কিছু যোগ করে!"

59 তাহলে আমাদের কি প্রয়োজন আছে এখানে কোন বিষয়ে কারও বুদ্ধি যোগ করার, যখন এই বিষয়ে এটি ঈশ্বরের নিজস্ব ধারণা? তিনি যা বলেছেন আমরা তা গ্রহণ করতে চাই। আর এটাও

লেখা আছে, "প্রতিটি মানুষের বাক্য মিথ্যা হউক, এবং আমার বাক্য সত্য হউক।"

60 এটাই এই ভাববাদীর সঙ্গে হয়েছিল। যিরমিয়ের সময়ে, তিনি একজন ভাববাদী ছিলেন, তাঁর কাছে প্রভুর বাক্য ছিল। আর এই ব্যক্তি এটিতে কিছু প্রবেশ করানোর চেষ্টা করছিলেন। এখন এর উপর ভরসা করা যায় না। আমি এখন এই ট্যাঙ্কগুলিকে এই সিস্টেমগুলির সাথে তুলনা করছি যেটি আমরা নেওয়ার চেষ্টা করেছি, ঈশ্বরের মূল বাক্যের স্থানে।

61 কারণ, কিছুই তার স্থান নিতে পারে না। এটা ঈশ্বর। "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। এবং বাক্য দেহধারণ করেন এবং আমাদের মধ্যে বাস করেন।" আর ইব্রীয় ১৩:৮, বলে, "তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।" কিভাবে আমরা এর থেকে দূরে সরে যেতে পারি ? এটি সত্য হতে হবে। তিনি অপরিবর্তনশীল। তিনি প্রতিটি তত্ত্বে একই।

62 এই কারণেই আপনি এটি উপভোগ করেন, ব্যাপটিস্টরা এবং মেথডিস্টরা, ক্যাথলিক এবং প্রেসবিট্যারিয়ানরা আরও অনেকে, সেই উপস্থিতি উপভোগ করেন। কোথাও, আপনার মধ্যে, আপনি ঈশ্বরকে গ্রহণ করেছেন। হয়তো কখনো বুদ্ধিবৃত্তিক ভাবে, হয়তো আপনি ঈশ্বরের শক্তি অনুভব করেছেন, আর আপনি ঈশ্বরের একজন দাস; কিন্তু যখন আপনি সত্যিই ঈশ্বরের মধ্যে আসতে পারেন, এবং ঈশ্বরের পুত্র বা কন্যা হিসাবে তাঁর মধ্যে আপনার স্থান চিনতে পারেন, এটিই আপনার কাছে সেই মহান রোমাঞ্চ নিয়ে আসে, যে ঈশ্বর আপনাকে চেয়েছেন।

63 এখন আমরা মার্ক লিখিত সুসমাচার, তার ১৬ তম অধ্যায়ে লক্ষ্য করি, যীশু বলেননি, "তোমরা সমগ্র জগতে যাও, এবং—এবং—এবং শিক্ষা প্রদান কর।" তিনি বলেছিলেন, "সুসমাচার প্রচার কর।" সুসমাচার প্রচার হল, পবিত্র আত্মার শক্তি প্রদর্শন ! "তোমরা সমগ্র জগতে গিয়ে, পবিত্র আত্মার শক্তি প্রদর্শন কর।"

64 এক ভাইয়ের সাথে কথা বলার সময়, ভারতে আমার সভার... একজন পৃষ্ঠপোষক, বোম্বেতে, দক্ষিণ আফ্রিকা এবং বিভিন্ন স্থানে, যেখানে মিশনারিরা এটিকে একটি বাক্য হিসাবে বা একটি বুদ্ধিবৃত্তিক ধারণা হিসাবে শিখিয়েছিল। কিন্তু একদিন সভায়, যখন পবিত্র আত্মা স্বয়ং নেমে আসেন, আর একটি বেদীর ডাকে ত্রিশ হাজার কম্বল নেটিভকে বাঁচিয়েছিল, ঠিক সেই মাটিতে যেখানে তারা দাঁড়িয়ে ছিল। সেখানে দাঁড়িয়ে থাকা মহিলারা, যারা পৃথিবীতে জন্মের

সময়ের মত প্রায় নগ্ন ছিল, আর ঠিক যে মুহূর্তে তারা খ্রীষ্টকে গ্রহণ করার জন্য তাদের হাত উপরে তুলে...

65 পবিত্র আত্মা সেই স্থানে নেমে আসেন এবং এক সাথে পঁচিশ হাজার লোককে সুস্থ করেন, হুইলচেয়ার, খাট এবং স্ট্রেচার থেকে। শহরের মেয়র আমাকে পরের দিন আমাকে ডাকেন, রাস্তা দিয়ে এই ভ্যান বোঝাই গাড়ি যেতে দেখেন।

66 সেখানে দাঁড়িয়ে থাকা নারীরা, নগ্ন, না জেনে যে তারা নগ্ন। কিন্তু পবিত্র আত্মা তাদের আঘাত করার সাথে সাথে, তারা তাদের পুরুষদের উপস্থিতি থেকে দূরে সরে যাওয়ার জন্য তাদের হাত গুটিয়ে নিল।

67 আর আমি ভাবছি, ঈশ্বরের উপস্থিতিতে, কিভাবে আমরা আমেরিকায় নিজেদেরকে একটি খ্রিস্টান জাতি বলে থাকি; এবং প্রতি বছর আমরা, আমাদের মহিলারা, আরও কম করে ফেলি। যেখানে আপনাদের যোগ করা উচিত। আপনাদের আরো বেশি খ্রীষ্টকে পরিধান করা উচিত, আপনি আপনার নিজের অবস্থার প্রতি তত বেশি সচেতন থাকবেন। কখনও কখনও আমি রাস্তায় লোকেরা যেভাবে আচরণ করতে দেখি, আমি ভাবি যে সে মানসিকভাবে ঠিক কিনা। মনে হচ্ছে তারা বুঝতে পারে না যে তারা যখন এটি করে, তারা যা করছে, তারা নিজেদেরকে শয়তানের টোপ তৈরি করছে এবং আত্মাদের নরকে পাঠাচ্ছে। সেটা ঠিক। কিন্তু জগৎ এমন একটা কলুষতায় আছে যেমনটা যিরমিয়ের সময়ে ছিল।

68 এখন কূপে ফিরে আসি। এখন, এই কূপের উপর নির্ভর করা যায় না কারণ এটি নিজেকে পূর্ণ করতে পারে না। আর তাকে পূর্ণ করতে স্থানীয় বৃষ্টির উপর নির্ভর করতে হয়, স্থানীয় বৃষ্টি বা স্থানীয় পুনরুজ্জীবন, *এখানে* একটি ছোট পুনরুজ্জীবন আর *সেখানে* একটি ছোট পুনরুজ্জীবন, ইত্যাদি, এটি পূর্ণ করতে। তাই এর উপর ভরসা করা যায় না। এটি নিজেকে পূর্ণ করতে পারে না। এটি নিজের কাছে অপর্যাপ্ততা। সে এটি করতে পারে না। তাই এটি পূর্ণ করতে বৃষ্টির উপর নির্ভর করতে হয়।

69 তাহলে দেখা যাক কোথা থেকে, কূপ, সে—সে তার বৃষ্টি পায়, যেখানে সে তার জল পায়। এটি শস্যাগার, শেডের উপর থেকে আসে, যেখানে সমস্ত ময়লা, ধুলো সেখানে উড়ে যায়, এটি বৃষ্টিতে ধুয়ে যায়, আর ঠিক কূপে চলে যায়, মানুষের তৈরি ট্যাঙ্কে। এটি প্রায় একটি মলকুণ্ডের মতো হয়ে যায়। আর এটি শস্যাগারের ছাদ ধুয়ে দেয় যেখানে সমস্ত প্রাণী, খামারের গন্ধ, ইত্যাদি, সেখানে জমা

করে। আর হাওয়া শস্যাগারের ধুলো—ধুলো ইত্যাদি উড়িয়ে নিয়ে আসে, তারপর স্থানীয় বৃষ্টি আসে আর তাদের সেখান থেকে ধুয়ে নিয়ে আসে।

70 তারপর জল একটি মনুষ্যসৃষ্ট ঢালের দ্বারা একটি মনুষ্যসৃষ্ট চোঙের মাধ্যমে একটি মানবসৃষ্ট ট্যাঙ্কে নিয়ে যায়। তারপরে যখন এটি সেখানে যায়, এটি নোংরা, এত নোংরা যে আপনাকে এটিতে একটি ছাঁকনি ন্যাকড়া লাগাতে হয়, নতুবা আপনি এটি পান করতে পারবেন না। এখন, দেখুন, এটি ছাদ থেকে, একটি মনুষ্যসৃষ্ট ঢালের মাধ্যমে, মনুষ্যসৃষ্ট চোঙের মাধ্যমে, একটি মানবসৃষ্ট ট্যাঙ্কে ধুয়ে যাচ্ছে। আর তারপরে এটির উপরে একটি মনুষ্য-নির্মিত ছাঁকনি দিয়ে, এটি দেখায় যে কিছু পোকা ইত্যাদি সেখানে আটকে রয়েছে।

71 এখন, এখন আমরা লক্ষ্য করি, এর মধ্যে, কিছুদিন জল সেখানে থাকার পরে, এই মানবসৃষ্ট ধর্মসম্প্রদ-..., অথবা, ট্যাঙ্কে। আমাকে ক্ষমা করবেন। আমাকে ক্ষমা করবেন। ঠিক আছে। এটি—এটি ধুয়ে নিয়ে আসার পরে, সমস্ত ধরণের ধর্মতত্ত্ব এবং বিষয়গুলি এতে ধুয়ে চলে আসে; এখন আমরা খুঁজে বের করতে এসেছি, যখন এটি সেখানে কয়েক দিন স্থির থাকে, তখন এটি স্থির হয়ে যায়।

72 আর সকলে জানে, গির্জার ইতিহাসে, যখন ঈশ্বর কিছু প্রেরণ করেন, একটি বার্তা, তা ঈশ্বরের কাছ থেকে সতেজ হয়ে আসে, তারপরের প্রতিষ্ঠতার জীবন—জীবন শেষ হবার পর (অথবা এটি যাই হোক না কেন, আপনারা তাকে সংস্কারক বলেন, অথবা আপনারা এই বিষয়ে যা বলতে চান), তার মৃত্যুর পর, তখন তারা একটি শৃঙ্খলা তৈরী করে আর তারা একটি সংগঠন তৈরি করে। এবং যখনই তারা এটি থেকে একটি সংস্থা তৈরি করে, এটি সেখানেই মারা যায়। এটি আর কখনই জেগে ওঠে না। এটি প্রতিবার, পিছনে, পিঠে ভর দেওয়ার মাধ্যমে এটি করেছে।

73 এখানে বসে থাকা এই ক্যাথলিক যাজককে শুভেচ্ছা জানিয়ে; যখন ঈশ্বর মণ্ডলী সংগঠিত...বা, এটি সংগঠিত না, ঈশ্বর কখনও একটি মণ্ডলী সংগঠিত করেননি। তিনি এমন কোন কাজের সঙ্গে যুক্ত নন। তিনি জন্মগতভাবে, সংগঠন নয়। তাই, যখন ঈশ্বর পঞ্চাশত্তমীর দিনে মণ্ডলী শুরু করেছিলেন। তারপর শেষ পর্যন্ত নাইসিয়া, রোমে, তারা এটি সংগঠিত করেছিল, এবং সেখানেই এটি তার শক্তি হারিয়েছিল।

74 তারপরে আমরা লুথারান সংস্কারে নেমে আসি, এটি একটি মহান বিষয় ছিল। ঈশ্বরের বাক্য দেওয়া হয়েছিল, "ধার্ম্মিক ব্যক্তি

বিশ্বাস হেতু বাঁচিবে।” যখন তারা তা করেছিল, সকলে মিলে একসাথে তোলার পরিবর্তে, সবাই একসাথে এগিয়ে গিয়ে, তারা একটি লুথারেন গির্জা তৈরি করে, এই দল থেকে নিজেদের আলাদা করে, তখন এটি মারা যায়।

75 তারপর ঈশ্বর জন ওয়েসলিকে নিয়ে আসেন, পবিত্রতা নিয়ে, অনুগ্রহের দ্বিতীয় বার্তা, আর এটি একটি মহান বিষয় ছিল। কিন্তু ওয়েসলি এবং অ্যাসবারির পরে, তারা এটি সংগঠিত করে, এটি মারা যায়।

76 তারপর দান নিয়ে পেন্টিকোস্টালরা আসেন। তারা ভালো করছিল, কি হয় ? এটি সংগঠিত হয় এবং এটি মারা যায়। ঠিক তাই ঘটেছিল।

77 এখন এই সবের মাঝে, ঈশ্বর এখনও সেই প্রজন্মের প্রত্যেকের মধ্যে একজন অবশিষ্টকে ডাকছেন। তিনি অবশ্যই ডাকছেন। আর এটি আমাদের বেরিয়ে আসার সময়, একত্রিত হওয়ার সময়। আমি তাই মনে করি, ফুল গসপেল বিজনেস ম্যানরা এই দেয়ালগুলি ভেঙে ফেলার ক্ষেত্রে একটি দুর্দান্ত ভূমিকা পালন করেছেন, আর এই বলে যে, “আমাদের মধ্যে কোন পার্থক্য নেই। আসুন আমরা একত্র হই আর ঈশ্বরের উপাসনা করি, একটি সংগঠনের অধীনে নয়, একটি নীতিতে নয়।” যদি এটি একটি সংস্থা হয় তবে, আমি এখনই এই প্ল্যাটফর্ম থেকে নেমে আসব। এর সাথে আমার কিছু করার নেই।

78 এটি কী, এটি একটি সহভাগিতা হতে হবে, কোনও ধর্মমতের সহভাগিতা নয়, কিন্তু খ্রীষ্টের মধ্যে সহভাগিতা, তাঁর পুনরুত্থানের শক্তি দ্বারা। এটি সেই জিনিস যা জীবন নিয়ে আসে, এটি জন্ম নিয়ে আসে।

79 আর জন্ম আসার আগে, আমরা উপলব্ধি করি জন্মের আগে মৃত্যু থাকতে হবে। জন্ম হল একটি বিশৃঙ্খলা, এটা কি ধরনের জন্ম আমি তা চিন্তা করি না। যদি এটি একটি শূকর হয়, অথবা—অথবা এটি যাই হোক না কেন, এটি একটি বিশৃঙ্খলা। আর নতুন জন্মও তাই, এটি আপনাকে এমন কিছু করতে বাধ্য করে যা সাধারণত আপনি মনে করেন না যে আপনি করবেন। কিন্তু যখন আপনি নিজের জন্য মরতে প্রস্তুত হন, তখন আপনার পুনরায় জন্ম হয়, খ্রীষ্ট যীশুতে একটি নতুন প্রাণী, তারপর জিনিসগুলি খুলে যায় এবং জীবন আপনার কাছে একটি নতুন দৃষ্টিতে পরিণত হয়, কারণ আপনি যীশু খ্রীষ্টের ব্যক্তিত্বকে গ্রহণ করেছেন, কোন তত্ত্ব বা কোন ধর্মমতকে নয়।

80 অথবা, এমনকি লিখিত বাক্য, এটি পবিত্র আত্মার দ্বারা জীবিত করা দরকার। আপনার কাছে যতই ধর্মতত্ত্ব থাকুক না কেন, এটি সেখানে মৃত অবস্থায় পড়ে আছে। আমি এক মুঠো গম নিতে পারি; যতক্ষণ না এটি সেই প্রক্রিয়ায় প্রবেশ করে যেখানে এটি জীবিত হয়ে উঠে, গম কখনই জীবিত হবে না। আপনার একটি ডাক্তারের ডিগ্রী, পিএইচ., এলএল. ডিগ্রী, আপনার যা ইচ্ছা হয়; কিন্তু যতক্ষণ না পবিত্র আত্মা তার উপর আসে এবং এটি আপনার কাছে জীবিত করে তোলে, ঈশ্বরের সাথে ব্যক্তিগত অভিজ্ঞতা হিসাবে, ততক্ষন গম কিছুই করে না। আপনার শিক্ষা ব্যর্থ।

81 এই ইংরেজ অন্য রাতে এখানে যেমন বলেছিলেন, আমি তাতে অবাক হয়েছিলাম। খ্রীষ্টকে খুঁজে পাওয়ার জন্য, পৌলকে তার সমস্ত শিক্ষা, তার যা জানা ছিল তা ভুলে যেতে হয়েছিল, এমন কিছু করতে হয় যা তিনি ভেবেছিলেন যে তিনি করবেন না।

82 কিন্তু ঈশ্বর সেভাবেই করেন, তিনি আমাদের শিক্ষা ব্যবস্থায় আমাদের অপমান করেন। আমি অজ্ঞতাকে সমর্থন করার চেষ্টা করছি এমন নয়, কিন্তু আমি আপনাকে পার্থক্যটি বলার চেষ্টা করছি। শিক্ষা কখনো জীবন নিয়ে আসতে পারে না। জীবন নিয়ে আসার জন্য ঈশ্বরের আত্মা লাগে, আর সেই জীবন শুধু বুদ্ধিবৃত্তিক পুনরুজ্জীবন থেকে বেরিয়ে আসে না। তাকে বাইবেল থেকে বেরিয়ে আসতে হবে, বাক্যের পুনরুজ্জীবন, আর বাক্য কাল, আজ এবং অনন্ত কাল একই। আর যখন এটি আজ নেমে আসে, এবং জীবিত হয়, আপনি একই ফলাফল পাবেন যা আপনি প্রেরিত ২এ পেয়েছেন। ঠিক একই। এটি সর্বদা আছে, এবং এটি সর্বদা থাকবে, কারণ এটি ঈশ্বরের আত্মা যা পরিস্থিতি নিয়ন্ত্রণ করে।

83 কাজ করতে পরিবেশ লাগে। এই কারণেই আপনাদের সর্বদা শেখানো হয়, "আপনাদের সন্তানদের এখানে নিয়ে আসার জন্য।" ঠিক আছে, অবশ্যই এটা ঠিক। আমি আমার মেয়ে রেবেকাকে কয়েক মিনিট আগে এখানে এসে বসতে দেখে খুশি হয়েছিলাম। আপনারা আমাকে একজন মহিলার দিকে চোখের ইশারা দিতে দেখেছেন, সে আমার মেয়ে, সে ভিতরে এসে বসেছে। আমি চাই যেন সে আত্মার বাপ্তিস্ম গ্রহণ করুক, আর সে জন্যই সে এখানে সভাতে আছে। এটাই এর উদ্দেশ্য। এর জন্য পরিবেশ লাগে।

84 যেমনটা বৃদ্ধ ডাক্তার বসওয়ার্থ বলতেন, "আপনি একটি মুরগির ডিম নিয়ে এটি একটি কুকুরের নিচে রাখতে পারেন, এটি একটি মুরগির বাচ্চা হয়ে বের হবে।" কেন ? কারণ এটি একটি ডিম আর এটি সঠিক পরিবেশ পেয়েছে।

85 আপনি একজন মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিট্যারিয়ান কি না তা নিয়ে আমি চিন্তা করি না; সঠিক পরিবেশে, এটি ঈশ্বরের একটি নবজাতক সন্তানকে নিয়ে আসবে। এটি সেই পরিবেশ যা এটি করে, আপনার কাছে যে কোন ধর্মসম্প্রদায়ের ছাপ থাকুক না কেন।

86 গবাদি পশু পালন করতেন। আমি পশু পালককে লক্ষ্য করেছি যখন আমরা তাদের বনে নিয়ে যাই, খামার থেকে বাইরে—বাইরে চারণভূমিতে, আর বনে নিয়ে যাই। তিনি সেখানে দাঁড়িয়ে দেখেন যখন তারা গেট দিয়ে যায়, বেড়ার ধার দিয়ে। তিনি কখনই ছাপের প্রতি এতটা মনোযোগ দেননি, কারণ সেখানে সমস্ত ধরণের ছাপ ছিল। কিন্তু একটা জিনিস তিনি লক্ষ্য করতেন, রক্তের ছাপ। তাকে গুণান্বিত হেয়ারফোর্ড হতে হবে নতুবা সে সেই বনে প্রবেশ করতে পারবে না। কারণ হেয়ারফোর্ড এর দল সেই বন চরে। প্রজনন সঠিক রাখতে এটিতে অবশ্যই রক্তের ছাপ থাকতে হবে।

87 আর আমি মনে করি যে বিচারের দিনে এটি ঠিক তেমনই হবে। তিনি আমাকে জিজ্ঞাসা করবেন না যে আমি মেথডিস্ট, ব্যাপটিস্ট, পেন্টিকোস্টাল অথবা প্রেসবিট্যারিয়ান কিনা, কিন্তু তিনি রক্তের ছাপ দেখতে যাচ্ছেন। “তখন সেই রক্ত দেখিলে তোমাদিগকে ছাড়িয়া অগ্রে যাইব।” এটাই সেই বিষয়।

88 তাই আমরা দেখতে পাই যে এই কূপগুলি, তারা কিছুক্ষণ থাকার পরে, তারা...তারা স্থির হয়ে ব্যবহার অনুপযোগী হয়ে যায়। আর এটি তখন ব্যাঙ, টিকটিকি, সাপ, পোকা, জীবাণুর ইত্যাদির আবাসস্থল হয়ে ওঠে, কারণ এটি স্থির অবস্থা যা তাকে এতে ঠেলে দেয়। আপনি কি কল্পনা করতে পারেন, খামারের ছাদ ধুয়ে, অথবা খামারের কাছাকাছি কোনও বাড়ির বাইরে, বা যে কোনও স্থানের ময়লা, কি ধরনের পোকা আর জীবাণু, আর সবকিছু, যে এই কূপের মধ্যে ধুয়ে আসে?

89 এখন, এটি যে কোনও ধরণের মানবসৃষ্ট প্রণালীর একটি নিখুঁত উদাহরণ। এটি শুরু করার জন্য, সে প্রথমেই ব্যর্থ। এই কারণেই তার একজন পরিত্রাতা প্রয়োজন। সে নিজেকে বাঁচাতে পারেনি, এর জন্য সে কিছুই করতে পারে না। শুরুতেই সে হারিয়ে গেছে। সে পৃথিবীতে জন্মেছে, পাপী হয়ে, সে পৃথিবীতে আসে মিথ্যা কথা বলে। শুরুতেই সে মিথ্যুক, তাহলে সংসারে সে কিভাবে নিজের জন্য কিছু করবে? একজন পবিত্র মানুষ কিভাবে পারে?

90 পবিত্র মানুষ নেই। কোনো পবিত্র গির্জা নেই। এটি পবিত্র আত্মা! একটি পবিত্র গির্জা নয়, একজন পবিত্র মানুষ; এটি একজন মানুষের

মধ্যে পবিত্র আত্মা, এটা তাই। আমেন। যেখানে পিতর আর তারা দাঁড়িয়েছিলেন সেটি পবিত্র পর্বত নয়; পর্বতটি পবিত্র ছিল না। কিন্তু পর্বতে থাকা পবিত্র ঈশ্বরই এটিকে পবিত্র করেছেন। পবিত্র ব্যক্তি নয়; এটি সেই ব্যক্তির মধ্যে ব্যবহৃত পবিত্র আত্মা, যা তাকে পবিত্র করে তোলে। ব্যক্তি নয়; কিন্তু পবিত্র আত্মার ব্যক্তি! এটি মানুষ নয়; কারণ, সে শুধু একজন মানুষ, "পাপের দ্বারা জন্ম, অন্যায় দ্বারা গঠিত, মিথ্যা কথা বলে পৃথিবীতে এসেছে।"

91 মানবসৃষ্ট যেকোনো ব্যবস্থাই তাকে ঠিক সেখানে রাখবে। তিনি বুদ্ধিজীবী, বুদ্ধিজীবীদের চোখ থেকে জিনিসটি অন্ধ করে দেবেন, যেন তারা মনে করে, "আমি গির্জার অন্তর্গত, আমার নাম পুস্তকে রয়েছে। আমি *এই* কাজ করেছি। আমার বাবা *এই* ছিলেন, ইত্যাদি।" এটি শুনতে ঠিক মনে হয়; এর বিরুদ্ধে বলার কিছু নেই। কিন্তু তবুও, বন্ধু, যীশু বলেছেন, "যতক্ষন না একজন মানুষের নতুন জন্ম হয়, সে এমনকি দেখতেও পায় না," *দেখুন*, সেখানে, তার মানে এই নয় যে সে তার চোখ দিয়ে দেখতে পায় না, কিন্তু, "স্বর্গের রাজ্য *বুঝতে* পারে না।" যতক্ষন না আপনার পুনরায় জন্ম হয়!

92 কিভাবে এই ব্যাপটিস্ট ধর্মপ্রচারক, কিভাবে সেই মানুষটি যিনি সেখানে দাঁড়িয়ে সমালোচনা এবং ঠাট্টা করেছেন? দেখুন, তাঁর মধ্যে এমন কিছু নেই যে সে এটি গ্রহণ করতে পারে; কিন্তু ঈশ্বরকে এটা করতে হয়েছে, দেখুন। ঈশ্বর তাকে পবিত্র আত্মা দিয়েছেন। তিনি প্রকাশ করেছেন যে এটি ভন্ডামি নয়, এটিই বাক্য। তিনি শুধুমাত্র একটি স্কুলের শিক্ষা থেকে এটি শুনেছেন, আর তারা সকল—সকল ঈশ্বরের আশীর্বাদ নিয়ে এটি একটি অতীতের দিনে স্থাপন করেছেন।

93 একজন তরুণ ব্যাপটিস্ট প্রচারক, এখানে খুব বেশি দিন আগে নয়, আজ সকালে এখানে বসে আছেন; আর তিনি আমার কাছে এসে বললেন, "ভাই ব্রানহাম, একটা বিষয় আছে যেটা আপনি করছেন সেটা ভুল।"

আমি বললাম, "আমাকে সাহায্য করুন।"

94 আর তিনি বললেন, "আপনি, আমি মনে করি আপনি একজন আন্তরিক ও ভাল মানুষ, কিন্তু..."

আমি বললাম, "ধন্যবাদ, মহাশয়।"

তিনি বললেন, "কিন্তু সেখানে একটি বিষয় আছে যা আপনি ভুল করছেন।"

আমি বললাম, “আমি আশা করি প্রভু শুধু একটি জিনিস ভুল খুঁজে পেয়েছেন।”

95 আর তিনি বললেন, “ঠিক আছে, সেখানে...আপনি এটা ভুল করছেন।” বললেন, “আপনি বিশ্বের কাছে একটি প্রেরিতের সেবাকার্য আরম্ভ করার চেষ্টা করছেন, আর,” বললেন, “প্রেরিতের সেবাকার্য প্রেরিতদের সঙ্গে শেষ হয়ে গেছে।”

96 আমি বললাম, “একজন ব্যাপটিস্টের কাছে একজন ব্যাপ্টিস্ট হিসেবে, আমি আপনাকে একটি প্রশ্ন করতে চাই।”

বললেন, “কি?”

97 আমি বললাম, “আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বরের বাক্য অনুপ্রাণিত, এর প্রতিটি অংশ?”

তিনি বললেন, “কেন, অবশ্যই।”

98 আমি বললাম, “তারপর, তিনি বললেন, ‘একটি বাক্য যোগ করবেন না, বা একটি হরণ করবেন না।’ কারণ,” আমি তখন বললাম, “ঈশ্বরের প্রতিশ্রুতি দ্বারা, আমি আপনাকে দেখাব যেখানে প্রেরিতদের আশীর্বাদ মানুষের উপর আসে, এখন আপনি আমাকে সেই ঈশ্বরের প্রতিশ্রুতি দেখান, যখন তা লোকদের উপর থেকে চলে যায়। দেখুন, আপনি যদি বাক্য থেকে এটি না নিয়ে আসতে পারেন, তবে—তবে এই বিষয়ে ভুলে যান, দেখুন,” আমি বললাম, “কারণ এটি এখনও চলছে।”

99 কয়েক মিনিটের জন্য তিনি কিছুই বলেননি। আর তাই আমি বললাম, “ঠিক আছে, তাহলে, ভাই, আমি আপনাকে এটা জিজ্ঞাসা করতে চাই। পিতর পঞ্চাশত্তমীর দিন প্রেরিতের বার্তা নিয়ে আসেন। আর আমরা সকলেই জানি যে এটি সত্য, কারণ তার কাছে রাজ্যের চাবিগুলিন ছিল, যা যীশু তাকে দিয়েছিলেন। আর এখন দেখুন তিনি কি বলেছেন। তিনি বলেছেন, ‘মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও, তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে। কারণ এই প্রতিজ্ঞা তোমাদের জন্য ও তোমাদের সন্তানগণের জন্য, এবং দূরবর্ত্তী সকলের জন্য যত লোককে আমাদের ঈশ্বর প্রভু ডাকিয়া আনিবেন।’ তারপর যদি এমন একটি স্থান থাকে যেখান থেকে তিনি এটি তুলে নিয়েছিলেন, তবে পঞ্চাশত্তমীর দিনে পিতরের কথার কী হয়েছিল?” দেখুন? না, এটা কখনই বন্ধ করা হয়নি!

প্রিয় মৃত মেষশাবক, আপনার মূল্যবান রক্ত

তার শক্তি কখনই ক্ষয় হবে না,
ঈশ্বরের সকল মুক্তিপণ দেওয়া মণ্ডলী পর্যন্ত
পাপের থেকে পরিত্রাণ লাভ করে।

তারপর একটি উন্নততর, সুমধুর গানে,
আমি আপনার পরিত্রাণের শক্তি গাইব,
যখন এই অস্পষ্টবাক্ ওষ্ঠ
কবরে নীরবে শুয়ে থাকে।

100 ঈশ্বর আমাকে এটি বিশ্বাস করতে এবং এটিকে ধরে রাখতে আর আমাদের সকলকে এর পাশে দাঁড়াতে সাহায্য করুন, কারণ এটা সুসমাচারের সত্য! হ্যাঁ, মহাশয়।

101 একজন জ্ঞানী ব্যক্তি কখনোই এসবের দিকে নজর দেন না। জানেন যে এগুলো কাজ করবে না। তারা কখনই কাজ করেনি। একটি সংগঠিত ধর্ম এবং একটি সংগঠিত অভিজ্ঞতা ঈশ্বরের উপস্থিতিতে কাজ করবে না। এটি ভেজালহীন হয়ে ঈশ্বরের কাছ থেকে আসতে হবে। এটা ঈশ্বর দ্বারা কখনো ব্যবহার করা হয় নি, অতীতে কখনও ঈশ্বর এই ধরনের একটি নিয়মবদ্ধ রীতি ব্যবহার করেন নি। এখন আপনারা, ওহ্, আপনারা সদস্য ইত্যাদি বিষয় পেয়েছেন। কিন্তু আমি বলতে চাচ্ছি ঈশ্বরের প্রকৃত বীজ, আশীর্বাদ যেমন পঞ্চাশত্তমীর দিনে পড়েছিল, এটি কখনই ধর্মসম্প্রদায়ের দ্বারা আসে না; এটা জন্মের মাধ্যমে আসে, পুনরায় জন্মের মাধ্যমে।

102 আমরা ইস্রায়েলকে একটি—একটি উদাহরণ স্বরূপ নেওয়ার জন্য আমন্ত্রণ জানাচ্ছি, যা তারা করেছে। লক্ষ্য করুন, "তারা তাকে ত্যাগ করেছে, তাদের জলের উনুই, এবং নিজেদের জন্য কূপ খনন করেছে।" আপনি একটি—একটি—একটি—একটি বিষয় কি কল্পনা করতে পারেন, যখন একজন ব্যক্তি একটি আর্টেজীয় কূপের কাছে আসেন, পান করেন, আর তারপর তাকে একটি কূপ বানাতে চান, দেখুন, এর থেকে পান করার জন্য? এখন ভাববাদী সেটাই বলেছেন, সেটা ঈশ্বরের বাক্যও বলেছে। এটাই ঈশ্বর ভাববাদীকে বলেছেন। "তোমরা আমাকে পরিত্যাগ করিয়াছ এবং—এবং আমাকে ত্যাগ করিয়াছ, জীবন্ত জলের উনুই; আর তোমরা নিজেদের জন্য কূপ খনন করিয়াছ, যেগুলি ভগ্ন এবং ফুটো হয়ে গেছে।"

103 দেখুন, এমন কিছু, তারা এমন কিছু চেয়েছিল যা তারা নিয়ন্ত্রণ করতে পারে, বা তারা কি করেছে তা দেখাতে পারে। এটি—এটি সংগঠিত ধর্মের মূর্খতা। তারা সর্বদা চেষ্টা করে, তাদের নিজের

মধ্যে কিছু থাকতে হবে। তাদের কাছে এই সমস্ত শৃঙ্খলা, সমাজ আর বিষয়গুলি থাকতে হবে, "আমি এখন *এর* অন্তর্গত।" শুধুমাত্র ঈশ্বরের নম্র সন্তান হওয়ার পরিবর্তে, তারা এমন কিছু চায় যাতে তারা নিজেদের দেখাতে পারে। ঈশ্বরকে তার পথে চলতে দেওয়ার পরিবর্তে, তারা তাদের মতো করে এটি করতে চেয়েছিল। আর এইভাবেই সম্প্রদায়গুলি আজ গির্জা তৈরী করেছে। না...প্রতিটি সম্প্রদায়, একজন *এইভাবে* চায়, অপরজন *ওইভাবে* চায়। আপনি যদি একজন মেথডিস্ট হন তবে অবশ্যই *এইভাবে* হতে হবে। একজন ব্যাপটিস্ট, *এইভাবে*। প্রেসবিট্যারিয়ান, ক্যাথলিক, যাই হোক না কেন, তারা তাদের সম্প্রদায় তৈরী করেছে। এর বিরুদ্ধে কিছু নেই, তবে আমি এই বিষয়ে বলছি তা নয়।

104 মানুষ তার পছন্দের পথ দ্বারা এটি করতে চায়, আর ঈশ্বরের কাছে এটি করার জন্য তাঁর পথ রয়েছে। তিনি বলেছেন, "তোমরা তোমাদের পথ ধরে আছ, একটি ভগ্ন কূপ; আর আমার পথ, জীবনের পথ গ্রহণ কর না।"

105 এটি আজকে এটি একই বিষয়। এটা একটুও পরিবর্তিত হয়নি। ভেবে দেখুন একজন মানুষ কতটা নির্বোধ হতে পারে যে বিশুদ্ধ পরিষ্কার জলের একটি আর্টেজীয় কূপ ছেড়ে যাচ্ছে, আর তারপর সে একটি ভগ্ন কূপে যেতে চায় যা সে নিজেই তৈরি করেছে, আর নিজের জন্য একটি কূপ খনন করে, সেই আবর্জনা যা খামার ঘরের উপর থেকে ধুয়ে আসে, তারপর সেখান থেকে পান করে। সেই ব্যক্তির সাথে অবশ্যই মানসিকভাবে কিছু গন্ডগোল রয়েছে।

106 আর যখন একজন ব্যক্তি ধর্মগ্রন্থের একটি—একটি ধর্মীয় ধারণা আঁকড়ে ধরবে, পবিত্র আত্মাকে গ্রহণ করার পরিবর্তে যা শাস্ত্রকে প্রমাণ করে এবং এটিকে আপনার কাছে বাস্তব করে তোলে, সেই ব্যক্তির সাথে কিছু আধ্যাত্মিক গন্ডগোল রয়েছে। এটা একদম ঠিক। অবশ্যই, পবিত্র আত্মা! প্রত্যেকেরই তাদের বাইবেলের একটি ব্যাখ্যা রয়েছে, যা আপনি মনে করেন সেটিই সঠিক। ঈশ্বরের আপনার সাহায্যের প্রয়োজন নেই। ঈশ্বরের আপনার ব্যাখ্যার প্রয়োজন নেই।

107 ঈশ্বর তার নিজের বাক্যের ব্যাখ্যাকারী। ঈশ্বর নিজেই সেটা ব্যাখ্যা করেন, তিনি যেভাবে করবেন বলেছেন তিনি—তিনি তা করেন। আদিতে ঈশ্বর বলেছিলেন, "দীপ্তি হউক," আর সেখানে দীপ্তি হয়েছিল। এটির কোনো ব্যাখ্যার প্রয়োজন ছিল না। এটাই ঈশ্বর করেছিলেন। তিনি বলেছিলেন "এক কন্যা গর্ভবতী হইবে," সে করেছিল। এর কোনো ব্যাখ্যার প্রয়োজন নেই। তিনি বলেছেন,

তিনি "আমি মর্ত্ত্যমাত্রের উপরে আমার আত্মা সেচন করিব," তিনি করেছেন। এর কোনো ব্যাখ্যার প্রয়োজন নেই। ঈশ্বর তার নিজের বাক্য ব্যাখ্যা করেন এটি প্রমাণ করেন, আর এটি প্রকাশিত করেন এবং প্রমাণ করেন।

108 এভাবেই একজন ভাববাদী ঈশ্বরের থেকে বলে প্রমাণিত হয়েছিল। তিনি বলেছিলেন, "তোমাদের মধ্য হইতে এমন কেহ যদি থাকে, যে আধ্যাত্মিক বা ভাববাদী, আমি প্রভু দর্শনের দ্বারা নিজেকে তাহার নিকট প্রকাশ করিব, স্বপ্নের মাধ্যমে তাহার সহিত কথা কহিব। আর সে যাহা বলে যদি তাহাই ঘটিত হয়, তাহলে তাহাকে ভয় করিও; কিন্তু যদি তাহা না হয়, তাহলে উদ্বিগ্ন হইও না।"

109 সেটি একই বিষয় যখন ঈশ্বর তাঁর বাক্য বলেন, আর ব্যক্তিটি বলেন, "*এটি* হল বাক্য," আর এটি সেভাবেই যদি ঘটে, তাহলে এটি ঈশ্বরই করছেন।

110 কিন্তু যদি সে বলে, "এটি *এই* রকম, আর দিন চলে যায়," কেন এটা সব...তিনি একটি ক্ষুধার্ত রুটির জন্য, তার হাতে, শিশুদের জন্য, তাদের কাছ থেকে তা নিয়ে নেন; আর তারা ক্ষুধার জন্য মৃতপ্রায়। যখন এই আর্টেজীয় কূপটি সেখানে আছে তখন আপনি কেন একটি কূপ থেকে এটি পান করতে চান ?

111 এখন জীবনের উনুই কি ? জীবনের উনুই, জীবন্ত জলের উনুই কি ? একটি আর্টেজীয় কূপ, আমরা এটির সাথে তুলনা করব।

112 এখন আমি চাই আপনারা একটি কূপ এবং জীবন্ত জলের উনুই এর মধ্যে পার্থক্য লক্ষ্য করুন; আর্টেজীয় কূপ, এবং সেখানে একটি পুরানো পোকা, টিকটিকি, ব্যাঙ, জীবাণু, ইত্যাদি দিয়ে পরিপূর্ণ ভগ্ন কূপ, দেখুন।

113 এখানে একটি আর্টেজীয় কূপ আছে। এখন এটা লক্ষ্য করুন। এটি স্ব-পরিপোষক। আপনার কোনও বড় নিয়মবদ্ধ রীতির দরকার নেই এবং এতে প্রচুর অর্থ আনতে লাগবে না। আপনাকে অনেক সদস্যের সাথে যোগ দিতে হবে না। এটি তার সদস্যদের পরিপোষণ করে, তাদের মধ্যে জীবনের আত্মা, কাজ করে।

114 লক্ষ্য করুন, এটি থেকে যে জল আসে সেটি হল তাজা, বিশুদ্ধ এবং পরিষ্কার। কূপ নয়, কোন কিছু স্থির যা চল্লিশ, পঞ্চাশজন ভিন্ন ব্যক্তি দ্বারা প্রবর্তিত হয়েছে, এই বলে যে, "*এটা* ঠিক, *সেটা* ঠিক, আর *এই* ধারণা," ভোটের মাধ্যমে ডেকে, তারা যেমন করে, তারপর এটি থেকে একটি ধর্মসম্প্রদায় তৈরি করে। এটি বিশুদ্ধ এবং

পরিচ্ছন্ন, ঈশ্বরের বিশুদ্ধ বাক্য, ঈশ্বরের হাত থেকে নির্গত। এটি একটি বাস্তবিক আর্টেজীয় কূপ।

115 লক্ষ্য করুন, এর ক্ষমতার রহস্য নিজের মধ্যেই রয়েছে। মানুষ তা খুঁজে পায় না। কোন ধরণের চাপ, এর নীচে, যা এটিকে উপরে তোলে।

116 আমার মনে আছে, আমি যখন ইন্ডিয়ানার স্টেট গেম ওয়ার্ডেন ছিলাম, আমি হ্যারিসন কাউন্টিতে, একটি নির্দিষ্ট কূপ, একটি ঝর্ণার পাশ দিয়ে যেতাম। এটি সবসময় বুদবুদ করতে থাকত। আর শুধু, ওহ, মনে হচ্ছিল এটি সবচেয়ে সুখী বিষয় ছিল। তুষার মাটিতে ছিল কি না, বরফ জমেছিল, কতটা ঠান্ডা ছিল, তবুও এটি বুদবুদ করত; যেখানে মানুষের তৈরি পুকুর আর গর্তগুলি, ব্যাঙ এবং সবকিছু সহ, সেখানে জমে গিয়েছিল, শক্ত হয়ে গিয়েছিল।

117 আর এটি দেখায় যে কোন ধর্মসম্প্রদায়, আত্মার অভাব বা আবহাওয়ার সামান্য পরিবর্তনের জন্য, জমে যায়। কিন্তু ঈশ্বরের আর্টেজীয় কূপ, তিনি—তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই, এটি সমস্ত জিনিসগুলিকে এটি থেকে বুদবুদ করে বাইরে করে দেয় আর এটি থেকে সরিয়ে দেয়। আর সেখানে কেউ নেই, এটি শুরু করার জন্য। যদি কোনও কিছু এতে প্রবেশ করে, এটি তাকে পথের বাইরে ঠেলে দেবে।

118 সেই জিনিসটি এমনভাবে বুদবুদ করছিল, আমি বললাম, একদিন সেখানে বসে আমি ভাবলাম, “আমি বিশ্বাস করি আমি সেই ঝরণার সাথে কথা বলব, ক্ষণিকের জন্য।” আমি আমার টুপি খুলে বললাম, “তুমি কি নিয়ে এত খুশি ? তুমি কেন এত বুদবুদ করছ ? হতে পারে কারণ হরিণরা তোমার কাছ থেকে পান করে।”

যদি সে কথা বলতে পারত, সে হয়ত বলত, “না।”

আমি বললাম, “হয়তো আমি তোমার কাছে এসে পান করার জন্য।”

“না, তা নয়।”

119 আমি বললাম, “ঠিক আছে, কিসে তোমাকে এত শুদ্ধ রাখে, এত পরিচ্ছন্ন রাখে ? কেন—কেন এটি বুদবুদ করে, কে তোমাকে বুদবুদ করায়, সব সময় আনন্দে পূর্ণ, আর কিছুই তোমাকে আটকাতে পারে না ? তুমি বাতাসে উত্থিত হচ্ছ, আর সেখানে পরিষ্কার জল ছাড়া কিছুই নেই।”

120 এটা যদি আমার সাথে কথা বলতে পারত, আপনারা জানেন সেই ঝরণা কি বলতো ? সে বলতো, “ভাই ব্রানহাম, এটা আমি নই

যে বুদবুদ করছি, এটা আমার পিছনে কিছু একটা, যা আমাকে বুদবুদ করাচ্ছে।" আর এটি...এটি একটি দুর্ভাগা বাক্য, কিন্তু আপনারা জানেন আমি কি বলতে চাই।

121 আর একটি নতুন জন্মের অভিজ্ঞতার সাথে এমনই হয়। আপনি এটা ধারণ করতে পারবেন না। এটি আপনার মধ্যে একটি—একটি জলের ঝরণা, অনন্ত জীবনের জন্য বুদবুদ করছে। দেখুন, এর মধ্যে এমন কিছু আছে, যার সাথে আপনার কিছুই করার নেই। মনুষ্য-সৃষ্ট গর্তগুলি জমে যেতে পারে, এবং তারা পুনরুজ্জীবন এবং সবকিছুর জন্য ভিক্ষা করতে পারে; কিন্তু একজন মানুষ যিনি সেই ঝর্ণার নীচে আছেন, সেই ঝর্ণায় বাস করেন, এটি দিনরাত! না, আপনাকে স্থানীয় বৃষ্টি এবং স্থানীয় পুনরুজ্জীবনের জন্য অপেক্ষা করতে হবে না। আপনি এটি দ্বারা পূর্ণ। "আমি তাকে জীবনের একটি ঝরণা প্রদান করব, তার মধ্যে, এটি বুদবুদ করবে।" এটিতে এমন কিছু আছে, যা প্রতিদিন তাজা, বিশুদ্ধ এবং পরিষ্কার। এটি আপনার হৃদয়ে এবং মুখে ঈশ্বরের অবিকৃত বাক্য, নিজেকে প্রমাণ করছে, নিজের পক্ষে কথা বলছে। বৃষ্টি হচ্ছে কিনা, তুষারপাত হচ্ছে কিনা, আবহাওয়া কেমন তা নিয়ে আমার কিছু যায় আসে না, আপনি খুশি কারণ পবিত্র আত্মা সেখানে বুদবুদ করছে। এটি লুকানো শক্তি। লক্ষ্য করুন। ওহ, এর রহস্য এর মধ্যেই রয়েছে।

122 এটি নিজেকে বিনামূল্যে প্রদান করে, যে পান করবে এবং তাকে ব্যবহার করবে। এখন আপনি বাছাই করবেন না, যেমন, "ঠিক আছে, আমাকে শুধু মেথডিস্ট চার্চে যেতে হবে কারণ আমি একজন মেথডিস্ট, একটি পুনরুজ্জীবনের জন্য। আমাকে *এখানে* যেতে হবে, কিন্তু (যদি) আমাকে পেন্টিকোস্টালে যেতে হবে কারণ আমি একজন পেন্টিকোস্টাল পুনরুজ্জীবনবাদী।" আমি আপনাকে বলছি, যখন আপনি সেই কূপটি জলের স্রোত পেয়েছেন, সেই ঝর্ণাটি, যখন আপনি সেখানে পান করছেন, সেখানে কোন পার্থক্য নেই, যেই আপনার কাছে আসে তাকে আপনি তা প্রদান করেন। আপনি একজন ক্যাথলিককে, একজন প্রোটেস্ট্যান্টকে, একজন ইহুদিকে, একজন নাস্তিককে, অথবা তিনি যাই হোন না কেন, সেই জীবনের আশা দিতে ইচ্ছুক। আপনি সত্যিই, সত্যিই আপনার মধ্যে কিছু আছে, যা এটি করে।

123 আপনারা এই বিষয়ে আরেকটি জিনিস লক্ষ্য করুন, আপনাকে এটি পাম্প করতে হবে না। আপনাকে এটি টেনে তুলতে হবে না আর এটিকে পাম্প করে উপরে তুলতে হবে না। আমি এই রকম অনেক কিছু দেখেছি যা আমাকে অসুস্থ করে তোলে, কিছু পাম্প করে

নিয়ে আসা; একগুচ্ছ সঙ্গীত বাজানো, উপরে-নিচে লাফানো, অথবা—অথবা শহরে একটি বিশাল সাহিত্যের দল, বড় বড় চিহ্ন, "এই সময়ের ব্যক্তি।"

124 সেখানে একজনই সময়ের ব্যক্তি ছিলেন, আর তিনি হলেন যীশু খ্রীষ্ট, যিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। ঈশ্বরের পক্ষ থেকে একজনই বার্তাবাহক আছেন, আর তিনি হলেন—হলেন যীশু খ্রীষ্ট। হ্যাঁ, মহাশয়।

125 আপনাকে এটি পাম্প করতে হবে না, অথবা এটিকে নীচে টানতে হবে না। অথবা, আপনাকে এতে যোগ দিতে হবে না। আপনি এটি বিনামূল্যে নিতে পারেন। আমেন। "আমি জীবন্ত জলের উনুই; তোমরা আমাকে ছেড়ে চলে গিয়েছো আর নিজেদের জন্য কিছু কূপ তৈরি করেছ।" এখন আপনাকে এটিকে পাম্প, অথবা টানতে বা এতে যোগ দিতে হবে না, এটি খনন ইত্যাদি করতে হবে না। আপনাকে শুধু এটি বিনামূল্যে গ্রহণ করতে হবে।

126 ছাঁকনি করার ন্যাকড়ার জন্য আপনার কোনো মনুষ্যসৃষ্ট ধর্মতত্ত্বের প্রয়োজন নেই, এর মধ্য দিয়ে কি যেতে পারে, এটি কি করেছে, সেটি আপনাকে বলার জন্য। কোনোটিই নয়। কিছু শিক্ষাব্যবস্থার কিছু মনুষ্যসৃষ্ট ধর্মতত্ত্ব, এতে স্ব-ধার্মিক ধর্ম, *এটিতে*, *এটিতে*, অথবা ধর্মীয় ব্যবস্থার কোন কূপ; আপনার এর প্রয়োজন নেই। এর সেখানে থাকার প্রয়োজন নেই। আপনি এর উপর একটি ন্যাকড়া রাখুন, এটি তাকে বাতাসে নিক্ষেপ করবে। এর সাথে তার কিছু করার নেই। এটি স্বাবলম্বী! এটি ঈশ্বরের শক্তি যা জীবনে উত্থিত হয়। কেন একজন মানুষ এমন একটি জিনিস ছেড়ে যাবে, একটি নিয়মবদ্ধ রীতিতে যোগদান করা জন্য, আমি এতটাই বলতে পারি। এর জন্য কোনো ছাঁকনি ন্যাকড়ার প্রয়োজন নেই। তার এটির প্রয়োজন নেই। এটি পূর্ণ করার জন্য স্থানীয় বৃষ্টির উপর নি-...নির্ভর করতে হবে না। এটা সব সময় পূর্ণ। আমেন।

127 একজন ব্যক্তি, আমি তাদের বলতে শুনেছি, "আমি আজ আবর্জনার মধ্যে পড়ে রয়েছি।" ওহ, আমার!

128 ওহ, আমি ঈশ্বরের উপস্থিতিতে বসবাস করতে পেরে আনন্দিত, সবকিছু ভালো হোক বা না হোক। তিনি আমার জীবন। আমেন। তিনি আমাদের জীবন। তিনিই জীবন, প্রাচুর্যময় জীবন। হ্যাঁ, মহাশয়। আর—আর দেখুন এটি আমাদের জন্য কি করেছে। এর শক্তি এবং পবিত্রতা তার নিজের মধ্যেই রয়েছে। এটি কূপ বা অন্য কোন নিয়মবদ্ধ রীতি থেকে এর প্রাইমিং-এর প্রয়োজন নেই।

129 কেউ বলে, “ঠিক আছে, কোনটি আপনার ফেলোশিপ কার্ড ? দেখা যাক আপনি একজন ভালো ব্যাপটিস্ট কিনা। দেখি আপনার কার্ড আছে কিনা।” অথবা—অথবা, “...একজন ভালো পেন্টিকোস্টাল...আপনি যদি ওয়াননেস হন...টুনেস...থ্রিনেস।” অথবা—অথবা “...ইত্যাদি যাই হোক না কেন।” দেখুন, এর কোন প্রাইমিং এর প্রয়োজন নেই। এটি সবসময় চলমান। হ্যাঁ।

130 আপনারা জানেন, আমার কাছে এই পুরানো কূপটি ছিল, আমাকে সেখানে জল ঢালতে হতো আর প্রাইম, প্রাইম, প্রাইম করতে হতো, এই পুরানো পাম্প দিয়ে, সেখান থেকে জল বের করার জন্য; আপনারা জানেন, এতে আরও জল ঢালুন, আর এতে কিছু পোকা ইত্যাদি ঢালা হয়, যাতে কিছু পোকা ইত্যাদি বের করে আনা হয়। এই পদ্ধতিগত পুনরুজ্জীবন এই ভাবেই হয়ে থাকে।

131 কিন্তু, ঈশ্বরকে ধন্যবাদ, “রক্তে পূর্ণ একটি ঝরণা রয়েছে, যেখানে পাপীরা সেই বন্যার নিচে ডুবে যায়!” আপনারা গির্জার সদস্য বানাবেন না; যখন তারা সেই ঝরণার কাছে আসে তখন আপনি তাদের খ্রিস্টান তৈরি করুন।

132 কেন আপনি জীবন্ত জলের ঝরণা ছেড়ে, এমন একটি জলাশয়ে পান করতে যাবেন ?

133 পাম্প করার প্রয়োজন নেই; এর শক্তি নিজের মধ্যেই রয়েছে। এর কোন প্রাইমিং এর প্রয়োজন নেই, হ্যাঁ, মহাশয়, কারণ (এর মধ্যেই) এর নিজের জীবন এর মধ্যেই রয়েছে। এভাবেই একজন মানুষের হৃদয়ে ঈশ্বরের বীজ থাকে। ঈশ্বরের জীবন ব্যক্তির মধ্যে, গির্জার মধ্যে নয়, আপনার মধ্যে, এটি আপনার মধ্যে, আপনিই সেইজন যার মধ্যে জীবনের জীবাণু রয়েছে।

134 এটির একটু স্বাদই সকল পাদ্রীদের কাছে বিশ্বাসযোগ্য। ক্যাথলিক যাজককে জিজ্ঞাসা করুন, ব্যাপটিস্টকে জিজ্ঞাসা করুন, যেই হোক না কেন। এই মহান সতেজ আর্টেজীয় জলের একটু স্বাদ, আমি আপনাকে বলছি, এটি বিশ্বাসযোগ্য যে এটি সত্য। আপনার ক্ষুধার্ত আত্মা, যেভাবেই হোক, এটি তৃষ্ণার্তের কাছে বিশ্বাসযোগ্য। এখন আপনি যদি তৃষ্ণার্ত না হন...এই ব্যাপটিস্ট, শুরু করার জন্য সে তৃষ্ণার্ত ছিল না; কিন্তু যখন সে তৃষ্ণার্ত হল, তখন জলের স্বাদ খুব ভাল লাগল। এটা ঠিক, কিন্তু আপনাকে তৃষ্ণার্ত হতে হবে, “ধন্য যাহারা তৃষিত,” যীশু যেমন বলেছিলেন। “ধন্য যাহারা ধার্ম্মিকতার জন্য ক্ষুধিত ও তৃষিত, কারণ তাহারা পরিতৃপ্ত হইবে।” আমেন। বন্ধুরা, যীশু সেটি বলেছেন। হ্যাঁ, মহাশয়, তৃষ্ণার্তদের জন্য এটি

একটি আশীর্বাদপূর্ণ ঝরণা।

135 কেন কেউ কোন একটি জলাভূমি জন্য এটি অদলবদল করতে চাইবে? আপনি কীভাবে একটি জলাভূমির জলের জন্য একটি আর্টেজীয় কূপ অদলবদল করতে চাইবেন, সমস্ত ধরণের মানবসৃষ্ট তত্ত্বের পোকা এবং দূষণে পূর্ণ, যা ঈশ্বর বলেছিলেন যে, "তাঁর বাক্যে একটি যোগ করলে, অথবা তার একটি বাক্য হরণ করলে, তার অংশ জীবন পুস্তক থেকে সরিয়ে নেওয়া হবে" ?

136 যখন ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন যে তিনি প্রতিটি প্রজন্মে এই বাক্য প্রকাশিত করবেন, "কারণ এই প্রতিজ্ঞা তোমাদের জন্য ও তোমাদের সন্তানগণের জন্য এবং দূরবর্ত্তী সকলের জন্য যত লোককে আমাদের ঈশ্বর প্রভু ডাকিয়া আনিবেন," আপনি কেন কিছু নিয়মতান্ত্রিক পাম্পে পাম্প করবেন যা বছরের পর বছর ধরে দূষিত, কোন পুরানো মান্না থেকে? হয়তো মান্না ঠিকই ছিল, এর বিরুদ্ধে কিছু নেই, মার্টিন লুথারের সময়ে, *এই* দিনগুলিতে আর *সেই* দিনগুলিতে এবং অন্যান্য সংস্কারকদের, এই সম্পর্কে কিছুই নেই; কিন্তু এই মান্না যেটা অনেক আগেই পড়ে গেছে।

137 যদি আমরা বাইবেলে লক্ষ্য করি যে, তাদের প্রতিদিন তা তুলে নিতে হয়েছিল। তাদের নতুন নিয়ে আসতে হয়েছিল। এটি একটু পুরানো হওয়ার পর পচে যায়। এটা ভেঙ্গে না গেলে পচতে পারে না। এটিতে ব্যাকটেরিয়া হতে হবে, অথবা কিছু যা—যা এটিকে পচিয়ে ফেলবে। আমরা জানি এটাই হয়ে থাকে।

138 আর নিয়মবদ্ধ রীতি সেই রকম! এটি একটি মহান পুনরুজ্জীবন থেকে আরেকটিতে শুয়ে থাকার পরে, এটি দূষিত হয়ে যায় এবং পোকায় পূর্ণ হয়ে যায়, আর লার্ভায় পূর্ণ একটি কূপের মতো, আমরা এটিকে বলতাম, ছোট ছোট লার্ভাগুলি সেখানে ঘুরতে থাকে।

139 আর আজকে অনেক লোকের অভিজ্ঞতার সাথে এটাই হচ্ছে। তারা—তারা লার্ভায় পূর্ণ, এক থেকে একে, এবং এক থেকে অন্যটিতে নড়বড় করছে, এমন গল্প বলছে যাতে কোনো সত্যতা নেই। সেটা ঠিক, একটি থেকে আরেকটিতে নড়বড় করছে। "আমি একজন মেথডিস্ট ছিলাম; আমি ব্যাপটিস্টে যোগদান করি। আমি একজন ক্যাথলিক ছিলাম; আমি *এতে* হতে চলে যাই। আমি *সেটা* হতে চলে যাই।" এটি নড়বড়ে লার্ভার মত।

140 ওহ, পুরো জিনিসটি ভুলে যান, এবং ঝরণার কাছে আসুন (আমেন!), আর্টেজীয় কূপ, খ্রীষ্টের চিরজীবী উপস্থিতিতে! আমি তাকে জীবনের অক্ষয় ঝরণা বলে বিশ্বাস করি। আপনি তাঁর কাছ

থেকে যত বেশি নিবেন, ততই এটি সতেজ হবে, আর এটি যত ঠান্ডা হবে, এটি তত ভালো হবে এবং এর স্বাদ তত মিষ্টি হবে। আমি এখন তেত্রিশ বছর ধরে তাঁর সেবাকার্য করছি, আর প্রতিদিন এটি আগের দিনের চেয়ে মিষ্টি হয়ে ওঠে। আমি কখনই...তিনি বলেছেন, তোমরা এই জল পান করলে তোমার কখনো পিপাসিত হবে না। এটা কত মহান লক্ষ্য করুন। ওহ!

141 আজ যেমন অনেকে করে ইস্রায়েল তা করেছিল, তারা জীবন্ত জলের ঝরণা ছেড়ে, নিজেরাই কূপ খনন করতে চলে যায়।

142 এখন কিছু সময়ের জন্য অনুগ্রহের কথা বলছি, ঈশ্বরের অনুগ্রহের বিষয়ে। আমরা আইন এবং উপ-আইন পেয়েছি, "যদি আপনি এই মান পর্যন্ত পরিমাপ না করেন...আমার কাছে একটি ধার্মিকতা মাপার লাঠি আছে; আপনি যদি এই পর্যন্ত পরিমাপে না আসেন, তবে আপনি আসতে পারবেন না," ইত্যাদি। কিন্তু ঈশ্বর আমাদের অনুগ্রহ দ্বারা রক্ষা করেন, মাপার লাঠি দিয়ে নয়। দেখুন? কিন্তু ঈশ্বর, এখন অনুগ্রহের বিষয়ে, এই পরিমাপের লাঠি থেকে... তাঁর কাছ থেকে পান করা, এটি কীভাবে ঘটল।

143 বচসা, ইস্রায়েলের বচসা। দেখুন, তিনি বলেছেন, "আমি পুনরায় তোমার সহিত সাক্ষাত করিব।" শাস্ত্রে লক্ষ্য করুন। লক্ষ্য করুন, তিনি চেষ্টা করবেন, পুনরায় তাদের সঙ্গে দেখা করার জন্য। লোহিত সাগরের ধারে ইস্রায়েলের বচসা, মিশরের স্থির জলের মধ্য দিয়ে তাকে অনুসরণ করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল, একটি স্বাধীন গোষ্ঠী হওয়ার জন্য। তারা দাস ছিল। তাদের আমন্ত্রণ জানানো হয়েছিল তাঁর সঙ্গে একটি স্বাধীন গোষ্ঠী হওয়ার জন্য। মৃত সাগর, মৃত সাগর দিয়ে বেরিয়ে এসে; লোহিত সাগর, বরং, এর মধ্য দিয়ে বেরিয়ে এসে, একটি প্রান্তরে যাওয়ার জন্য, তাদের এবং ছদ্মবেশীদের মধ্যে একটি বিচ্ছেদ আনতে যা ছদ্মবেশ ধারণ করার চেষ্টা করছে, ত্বকছেদ ছাড়াই।

144 ওহ, এটিই সমস্যার কারণ। তাদের প্রত্যেকেই মারা যায় জ-..., অথবা ঠিক—ঠিক সমুদ্রে, ফরৌণ এবং তার বাহিনী। তারা মানুষকে অতিপ্রাকৃত শক্তির দ্বারা চলতে দেখেছে, তাই তারা ফিরে এসে এর অনুকরণ করার চেষ্টা করে, আশীর্বাদে অন্তর্ভুক্ত না হয়ে। আর যখন তারা তা করে, তারা ধ্বংস হয়ে যায়। এটি জাগতিক তুলনা।

145 একজন মানুষ যিনি এটি করার চেষ্টা করে, কিছু অনুকরণ করার চেষ্টা করে, তখন তিনি একজন সত্যিকারের খ্রিস্টানের সাথে জাগতিক তুলনা করছেন।

146 সেখানে আমার ভারতীয় ভাইরা সেটা জানেন। বোম্বেতে আসুন আর আপনি সেখানকার লোকদের দেখতে পাবেন, হিন্দুরা ও অন্যরা, সূচ্যগ্র বস্তু আর...কাচের উপর চলাফেরা করে আর—আর আগুনের ভিতর দিয়ে চলাফেরা করে, তারা কি করতে পারে তা দেখানোর জন্য, আর এইরকম বিষয়গুলি...সেখানে জঙ্গলে কিছু লোকের জাগতিক অনুকরণ, তার দেবতার কাছে একটি বলিদানের জন্য এটি করছে।

147 আমরা সমস্ত ধর্মীয় জীবনের মধ্যে এটি দেখতে পাই, জাগতিক অনুকরণ, কেউ অন্যের মতো হওয়ার চেষ্টা করছে। শুধুমাত্র একটি উদাহরণ আছে যার মত আপনি হতে পারেন, তিনি হলেন যীশু খ্রীষ্ট, যিনি বাক্য ছিলেন। তারপর যখন ঈশ্বরের বাক্য আপনার কাছে আসে, এটি একইভাবে হবে।

148 কিন্তু যেভাবেই হোক ঈশ্বর তাদের প্রতিশ্রুত দেশে নিয়ে যান। তারা এখন তাদের যাত্রায় মরুভূমির মধ্য দিয়ে যাওয়ার সময় প্রতিটি কূপ খুঁজে পেয়েছিল, তারা আলাদা হয়ে যাওয়ার পরে, তারা দেখতে পায় যে প্রতিটি কূপ শুকিয়ে গেছে, তাদের ব্যবহারের জন্য।

149 আপনি একই জিনিস পাবেন, ভাইরা, আপনি যখন প্রতিশ্রুত দেশে এই যাত্রা শুরু করবেন। আপনি দরজা বন্ধ পাবেন। যেমন সেই ছোট্ট প্রচারক বলেছিলেন, একজন অ্যাংগ্লিক্যান, অথবা তিনি যা-ই হোন না কেন, আর, প্রথম জিনিস যা আপনারা জানেন, তার গির্জা তাকে বাইরে বের করে দেয়। দেখুন, যখন তিনি পবিত্র আত্মা গ্রহণ করেন, তখন এটি শেষ হয়ে যায়।

150 আর আমরা...ইস্রায়েল একই জিনিস খুঁজে পেয়েছিল, উদাহরণ হিসাবে, প্রতিশ্রুত দেশে তাদের যাত্রার সময়। কূপগুলো সব শুকিয়ে গিয়েছিল। হ্যাঁ, তাঁর প্রতিশ্রুত বাক্যের আনুগত্যে তাদের যাত্রা, কূপগুলি, তারা সেগুলো শুকনো খুঁজে পায়। এখন তারা খুঁজে পায় যে যাত্রার জন্য কূপ-কূপগুলির উপর নির্ভর করা যাবে না।

151 আর যদি আপনি ঈশ্বরের বাক্যের আনুগত্যে যাত্রা করতে যাচ্ছেন, আর *এতে* যোগ দেওয়ার চেষ্টা করেন, *সেটাতে* যোগদান করেন, আপনি খুঁজে পাবেন যে পৃথিবীতে এমন একটি কূপ নেই যা এটিকে সমর্থন করবে। একদমই না। আপনি একজন ব্যক্তি। ঈশ্বর আপনাকে পরিচালনা করেন ঠিক যেভাবে তিনি আপনাকে পরিচালনা করতে চান। তারপর, আমরা আজ একই জিনিস খুঁজে পেয়েছি, সকল কূপ শুকিয়ে গেছে।

152 কিন্তু সেই প্রতিশ্রুতি, সর্বদা সত্য, ঈশ্বরের কাছে যিনি তাঁর লোকেদের প্রতি তাঁর প্রতিশ্রুতি রাখেন। তিনি তাদের যা যা প্রয়োজন তা সরবরাহ করার প্রতিশ্রুতি দিয়েছেন, তাই তিনি তা করেছেন। ফাঁকা, শুকনো কূপের মাঝে, এটি ভাবুন; ইস্রায়েলের অভিযোগ, মরুভূমিতে, তাদের যাত্রায়! তিনি তাঁর দাস-নেতা, ভাববাদী মোশিকে একপাশে ডাকলেন, এবং জীবন্ত জলের একটি ঝরণা খুলে দিলেন, একটি আঘাত করা শিলার দ্বারা, যাতে তাঁর বিশ্বাসী সন্তানদের ধ্বংস না হয়।

153 এই সময় পর্যন্ত, এটি আমার কাছে অনুগ্রহের কথা বলে। আমরা অযোগ্য। আমরা যেভাবে করেছি, আমরা যেভাবে জীবনযাপন করেছি, আমরা অযোগ্য।

154 কিন্তু ঈশ্বর, এই সময়ে, ঠিক আজ সকালে, দেখুন, মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিট্যারিয়ান, ক্যাথলিক এবং সকলের কাছে, তিনি একটি ঝরণা খুলে দিয়েছেন। ইব্রীয় ১৩ এটি প্রমাণ করে, তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। তাই এটি—এটি সত্য করে তোলে, যোহন ৩:১৬, "কারণ ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে দান করিলেন, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়।"

155 এবং এটি একটি যৌগিক কারণে উঠানো হয়েছিল, কারণ লোকেরা বচসা করছিল এবং পাপ করছিল, তারা সাপের কামড়ে মরছিল; এবং তাদের পাপের ক্ষমার জন্য, এবং তাদের অসুস্থতা নিরাময়ের জন্য।

156 আর এটি সেই একই ঝরণা যা আজ আমাদের জন্য উন্মুক্ত হয়েছে, আমাদের পরিত্রাণের জন্য এবং আমাদের নিরাময়ের জন্য, শারীরিক নিরাময়ের জন্য। কারণ তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।

157 আর যখন ঈশ্বরের প্রতিশ্রুত বাক্য দ্বারা আঘাত করা শিলাকে আদেশ দিয়েছিল, এটি বিশুদ্ধ জলের ফোয়ারা প্রদান করছিল; স্থির—স্থির নয়, দূষিত নয়, কিন্তু ঈশ্বরের নিজের উপস্থিতি। বিশুদ্ধ জল, আর এটি যারা পান করেছিল তারা রক্ষা পেয়েছিল। এখন আমরা জানি যে এটি সত্য, কারণ আমরা এটি এক প্রকারে পুরাতন নিয়মে পড়েছি।

158 এখন, আপনাকে এটিকে টেনে তুলতে হবে না, এটিকে পাম্প করতে হবে না, এতে যোগ দিতে হবে না, কীভাবে এটি ব্যবহার করতে হবে তা শিখতে সেমিনারিতে যেতে হবে না। তারা আপনাকে

বলবে কিভাবে এটি কি ভাবে ব্যবহার করতে হয়, দেখুন, "ওহ, ভালো, আপনি, যদি আপনি পবিত্র আত্মা পেয়ে থাকেন, আমরা বিশ্বাস করি যে, আপনি তাই—আপনি *এই* ভাবে এটা করবেন।"

159 কিন্তু, আপনারা দেখুন, এর কোনো নিয়ন্ত্রণ নেই। আপনি পবিত্র আত্মাকে ব্যবহার করবেন না; পবিত্র আত্মা আপনাকে ব্যবহার করবে, দেখুন। দেখুন, আপনি নন, আপনি পবিত্র আত্মা ব্যবহার করবেন না; পবিত্র আত্মা আপনাকে নিয়েছে। একটি উপহার এমন কিছু নয় যা আপনি একটি ছুরির মতো নেন এবং এটি দিয়ে একটি পেন্সিল ধারালো করেন। এটি ঈশ্বরের কাছে আপনাকে সমর্পণ করে, আর আপনাকে পথ থেকে সরিয়ে দেয় যাতে পবিত্র আত্মা আপনাকে ব্যবহার করতে পারে।

160 লক্ষ্য করুন, তাদের কখনই এটিকে পাম্প করতে বা টানতে হয়নি, অথবা তাদের কখনই জিজ্ঞাসা করতে হয়নি, "এখন আমরা এই জল কিভাবে ব্যবহার করব?" কারণ, তারা জানত কীভাবে ব্যবহার করতে হয়। তারা তৃষ্ণার্ত ছিল। তারা জানত এটা দিয়ে তাদের কি করতে হবে।

161 ঠিক সেইরকম একজন পুরুষ অথবা মহিলা, সে যে কোনো ধর্ম বা ধর্মসম্প্রদায়ের হোক না কেন। যদি সে ঈশ্বরের জন্য তৃষ্ণার্ত হয়, তবে তাকে সেমিনারিতে দৌড়ে যেতে হবে না, যেমন এই অ্যাংগ্লিক্যান ভাই, অথবা ব্রিটিশ ভাই গত রাতে করেছিলেন, পরামর্শ করার জন্য তাকে অ্যাংগ্লিক্যান চার্চে ফিরে যেতে হয়েছিল, তিনি যে মহান দান পেয়েছেন ভিন্ন ভাষায় কথা বলা, আর *এটি* কিভাবে ব্যবহার করতে হবে। প্রথমেই তারা তাকে লাথি দিয়ে বের করে দেবে। দেখুন? তিনি তৃষ্ণার্ত ছিলেন, তাই ঈশ্বর তাকে পূর্ণ করেছিলেন। এটির মধ্যে এটিই রয়েছে। তৃষ্ণার্ত, তিনি তা পূরণ করেন।

162 আপনার কোন নিয়ন্ত্রকের প্রয়োজন নেই, কেউ আপনাকে বলবে এটি দিয়ে কী করতে হবে। ঈশ্বর প্রতিটি ব্যক্তিকে নেতৃত্বে দেন যেভাবে—যেভাবে তিনি চান। আপনি একজন—একজন ব্যক্তি, নিজে। আপনি ঈশ্বরের একটি অংশ। কেউ আপনার স্থান নিতে পারবে না। কারো কাছে যাওয়ার কোন দরকার নেই, আর এখন বলুন, আমাকে "এটা দিয়ে *এটা*" করতে হবে, অথবা আমাকে "এটা দিয়ে *সেটা*" করতে হবে। না, মহাশয়। ঈশ্বর যেভাবে তিনি চান সেভাবে—সেভাবে এটা ব্যবহার করেন। যখন আপনি তৃষ্ণার্ত হন, আপনি পান করতে জানেন।

163 আর যদি আপনি আজ সকালে তৃষ্ণার্ত হন, তবে এটি থেকে

পান করুন, আপনাকে এতটাই করতে হবে। ঈশ্বর তাদের তৃষ্ণার জন্য একটি পথ প্রদান করেছিলেন, তৃষ্ণার্ত সন্তানেরা যাতে স্বয়ং বিনামূল্যে অংশ গ্রহণ করতে পারে। আর ঈশ্বর আজ সকালে ক্ষুধার্ত এবং তৃষ্ণার্ত প্রতিটি নর-নারীর জন্য একটি পথ প্রদান করেছেন। সম্ভবত এখানে মানুষ বসে আছে, যারা পরিত্রাণ পাননি। এখানে এমন লোক বসে আছে যারা পরিত্রাণ পাওয়ার দ্বারপ্রান্তে।

164 এখানে লোকেরা আছেন, এখানে গির্জার সদস্য হিসাবে বসে আছেন, আপনি সঠিক কাজ করতে চান, কিন্তু আপনি একটি কূপ থেকে পান করছেন। তারা কখনই আপনাকে এই সত্যগুলি বলবে না।

165 একটিই বিষয়, আসার জন্য, ঈশ্বরের প্রতিশ্রুতি নিয়ে সেই ঝরণার কাছে আসা, তারপর তিনি তৃষ্ণা মেটাবেন। "যে কেহ এই ঝরণা হইতে পান করিবে সে তৃষ্ণার্ত্ত হইবে না।"

166 এখন লক্ষ্য করুন কিভাবে—কিভাবে তিনি তাঁর—তাঁর অনুগ্রহের দ্বারা যারা এই জল গ্রহণ করেছেন তাদের মুক্ত করেছেন, কোন একটি নিয়মবদ্ধ রীতি বা শিক্ষার একটি কূপ দ্বারা নয়। তিনি তাঁর বাক্যকে প্রকাশিত করেন, এটি একটি জীবনদানকারী সম্পদ। এখানে কতজন জানেন যে আপনি জীবন পেয়েছেন যখন আপনি সেই বাক্য এবং তাঁর জল গ্রহণ করেছেন, আপনি কি জানেন যে আপনি জীবন পেয়েছেন ?

167 আসুন, ঠিক আছে, উদাহরণস্বরূপ, অন্য একটি, বা দুটি উদাহরণ নেওয়া যাক, তারপরে আমি কিছু সময়ের মধ্যে বন্ধ করতে যাচ্ছি। আমার—আমার কাছে কোথাও সেই বোতাম থাকা আবশ্যক। কিন্তু লক্ষ্য করুন। আমি শুধু কথা বলতে থাকি, কিন্তু আমি এটা করতে চাই না। দেখুন, একটি উদাহরণ নেওয়া যাক, কয়েকজন লোক।

168 আসুন সেই মহিলাটিকে নেওয়া যাক যিনি যাকোবের কূপের সামনে ছিলেন, একটি খনন করা কূপ। সেখানে মহিলাটি বসে ছিলেন। মহিলাটি এতটুকুই জানতেন, সেখানে কূপ আছে যেখানে সে জল নিতে যায়। আর কূপের অপর পাশে সে দেখতে পেল, সেই দৃশ্যের মধ্যে, সেখানে একজন ইহুদি বসে আছেন। সে একজন শমরীয় ছিল, এটি শুখর শহরে। আর আমরা দেখতে পাই যে এই ব্যক্তিটি, এই ইহুদি, এই মহিলার সাথে একটি অস্বাভাবিক কথা বলেন, বললেন, "আমাকে পান করিবার জল দেও।"

169 সে বলল, "আমাদের বিচ্ছিন্নতা রয়েছে। আমাকে এমন প্রশ্ন

করা আপনার পক্ষে ঠিক—ঠিক নয়; আপনি একজন ইহুদী, আর আমি একজন শমরীয়া।"

170 তিনি বললেন, "তুমি যদি জানতে তুমি কাহার সহিত কথা বলিতেছ, তবে তাঁহারই নিকটে তুমি পান করিবার জন্য যাচ্ঞা করিতে, আর আমি তোমাকে এমন জল দিতাম, পান করিবার জন্য এই কূপে তোমাকে আর আসতে হবে না; তোমার মধ্যে বুদবুদ করা জলের একটি কূপ।" লক্ষ্য করুন যখন সে খুঁজে পায় যে এটি সত্য প্রমাণিত হয়েছে!

171 এখন, প্রথম বিষয়, যে কোন মানুষ এটা বলতে পারে। কিন্তু সে বলেছিল, "আপনারা বলেন যিরূশালেমে ভজনা করিতে, আর আমরা এই পর্ব্বতে ভজনা করি।"

172 তিনি বলেছিলেন, "যিহূদীদের মধ্য হইতেই পরিত্রাণ। আমরা জানি আমরা কি বিশ্বাস করি। কিন্তু," বললেন, "আমাকে একটা কথা বলতে দেও," এই বাক্যে, "না এই পর্ব্বতে, না যিরূশালেমে পিতার ভজনা করিবে। কিন্তু এমন সময় আসিতেছে, বরং এখনই উপস্থিত, যখন প্রকৃত ভজনাকারীরা আত্মায় ও সত্যে পিতার ভজনা করিবে, কারণ বাস্তবিক পিতা এইরূপ ভজনাকারীদেরই অন্বেষণ করেন।" তিনি বললেন, "যাও, তোমার স্বামীকে এখানে ডাকিয়া লইয়া আইস।" দেখুন, এখানে এটি প্রমাণিত হয়েছে। এখানে দেখায় সে কোন ঝরণার কাছে ছিল। বললেন, "যাও, তোমার স্বামীকে এখানে ডাকিয়া লইয়া আইস।"

সে বলল, "আমার স্বামী নাই।"

173 তিনি বললেন, "এ কথা সত্য বলিলে।" দেখুন, তিনি তাকে যা জিজ্ঞাসা করেছিলেন তার সাথে এটি একটি সাধারণ অসংগতি বলে মনে হয়েছিল, আর বললেন, "যাও, তোমার স্বামীকে এখানে ডাকিয়া লইয়া আইস।"

বলল, "আমার স্বামী নাই।"

174 বললেন, "এ কথা সত্য বলিলে।" বললেন, "কেননা তোমার পাঁচটী স্বামী হইয়া গিয়াছে, আর এখন তোমার যে আছে, সে তোমার স্বামী নয়।"

175 দেখুন সেই মহিলা, সেই সময়ের যাজকদের থেকে কত পৃথক! সেই সময়ের যাজকেরা একই ঘটনা ঘটতে দেখে বলেছিলেন, "এটি একটি শয়তান, একটি টেলিপ্যাথি, বা—বা একটি বেল্‌সবূল।" দেখুন, তারা সেই প্রতিশ্রুতিপূর্ণ বাক্য দেখতে ব্যর্থ হয়েছিল।

176 কিন্তু সেই মহিলাটির বিষয়ে ধর্মগ্রন্থে যে কোন যাজকের চেয়ে ভালো করে উল্লেখ করা হয়েছে। সে বলেছিল, "মহাশয়, আমি দেখিতেছি যে, আপনি ভাববাদী। মালাখির পর থেকে চারশ বছর ধরে আমাদের কোন ভাববাদী নেই। কিন্তু," বলল, "আমরা একজনের সন্ধান করেছি, আর আমরা জানি একজন আসছেন, মশীহ। আর যখন তিনি আসবেন, তখন তিনি এটি করবেন।"

যীশু বললেন, "আমিই তিনি।" আমেন।

177 আপনারা কি লক্ষ্য করেছেন, সে তার বালতিটি যাকোবের কূপের ধারে রেখে শহরে চলে যায়; একটি আর্টেজীয় কূপে পূর্ণ! সে এটিকে পুরোপুরি প্রমাণিত হতে দেখেছিল, তিনি সেই জীবনের উনুই ছিলেন। আমাকে আপনাদের সাথে তার পরিচয় করিয়ে দিতে দিন। সে এটি ছেড়ে চলে যায়; যখন তিনি জীবনের বাক্য হিসাবে প্রমাণিত হন। সে এটি ছেড়ে চলে যায়; সে খুঁজে পেয়েছিল যে একই শিলা, যেটি প্রান্তরে আঘাত করা হয়েছিল, সেখানে উপস্থিত ছিল বলে প্রমাণিত হয়েছিল।

178 আমাকে বলতে দিন, সেই একই ঈশ্বরই যিনি বিগত দিনে ছিলেন, যার বিষয়ে আমরা এত কথা বলে থাকি, তিনি এখন এখানে উপস্থিত; কিছু ধর্মতাত্ত্বিক জ্ঞান দ্বারা নয়, কিন্তু তাঁর প্রকাশের ব্যক্তিগত জ্ঞান দ্বারা যে তিনি এই শেষ দিনে, তাঁর মন্ডলীতে পবিত্র আত্মা ঢেলে দেবেন। তিনি "আমি ছিলাম" নয়। তিনি এখনও "**আমি যে**" আছেন, বর্তমান কাল, সর্বদা।

179 তখন কূপটি তার স্বাদ হারিয়ে ফেলে। তাই প্রত্যেক মানুষ যে কখনও ঈশ্বরের ক্ষমতার মধ্যে আসে, পবিত্র আত্মার বাপ্তিস্ম দ্বারা, ধর্মসম্প্রদায়িক নিময়বদ্ধ রীতি তাদের স্বাদ হারিয়ে ফেলে। আপনি সেই ব্যাঙ, টিকটিকি পোকা ইত্যাদি আর চান না। আপনি একটি ঝরণা থেকে পান করছেন যেটি তাজা এবং বিশুদ্ধ, ঈশ্বরের বাক্য, আপনার আত্মায় প্রতিটি মহূর্তে সতেজ। এখনকার মতোই, যখন বাক্য সত্য বলে প্রমাণিত হয়েছে, তখন এর স্বাদ গ্রহণ করে দেখুন এটি সঠিক নয় কিনা।

180 যদিও কূপটি ভালো পরিবেশন করেছিল, তার সময় ভালোভাবে পরিবেশন করেছিল; কিন্তু, আপনারা দেখুন, জীবনের উনুই সেখানে ছিল, আধ্যাত্মিক জলের জন্য যাকোবের কূপ আর নয়। তারা কি ভেবেছিল, যদি তারা সেই কুয়ো থেকে পান করে, কেন, সব ঠিক হয়ে যাবে; কিন্তু এখন সেখানে জীবনের উনুই বসে ছিল।

181 এখন আমাদের নিময়বদ্ধ রীতি আর ধর্মসম্প্রদায়ের প্রয়োজন

নেই যা আমাদের ছিল। আমরা শেষ সময়ে চলে এসেছি। আর ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন, এই শেষ সময়ে, তিনি যা করবেন। আর আমরা এটি পরিপূর্ণ হতে দেখব, বাক্য অনুসারে। আমরা সামরিক শক্তির ব্যক্তিকে শুনি, উঠে দাঁড়িয়েছে, এবং কাঁপছে, আর বলছে, তারা, "কিছু একটা ঘটতে যাচ্ছে।" আমরা অনুভব করি যে পবিত্র আত্মা আমাদের সতর্ক করছেন যে কিছু ঘটতে চলেছে। আমরা সবকিছু ক্রমানুসারে আসতে দেখতে পাচ্ছি। তাহলে, সেই ব্যবস্থা ছেড়ে ঝরণার কাছে আসুন। হ্যাঁ, মহাশয়।

182 তার উদ্দেশ্য সম্পূর্ণ হয়েছে, কিন্তু এখন সে ঝরণার সঙ্গে মুখোমুখি অবস্থান করছিল।

183 যোহন লিখিত সুসমাচার ৭:৩৭-৩৮, যীশু কুটীরবাস পর্ব্বের শেষ দিনে বলেছিলেন (তিনি কী বলেছিলেন?), "কেহ যদি তৃষ্ণার্ত্ত হয়, তবে আমার কাছে আসিয়া পান করুক।" ঠিক একদল ধর্মতত্ত্ববিদের মাঝে! "কেহ যদি তৃষ্ণার্ত্ত হয়, তবে আমার কাছে আসিয়া পান করুক। শাস্ত্রে যেমন বলে, তাহার অন্তর হইতে জীবন্ত জলের নদী বহিবে।"

184 জীবন্ত ঝরণা আছে। এটাই সেই ঝরণা যা মানুষ আজ পরিত্যাগ করেছে। ধর্মমতের জন্য, তারা জীবন্ত জলের উনুই ত্যাগ করেছে। আমাকে তাঁর সাথে পরিচয় করিয়ে দিতে দিন। তিনি, আমার কাছে...আমি বন্ধ করছি।

185 তিনি, আমার কাছে, সেই উনুই যিনি হাগারের জীবন বাঁচিয়েছিল, আর সেই শিশুটিকে, যখন তারা প্রান্তরে মারা যাচ্ছিল।

186 আমি বিশ্বাস করি তিনি সেই প্রস্তর, যিশাইয় ৩২ এ, তিনিই শ্রান্তিজনক ভূমিতে সেই প্রকাণ্ড শৈল। বাত্যা হইতে আচ্ছাদন।

187 সখরিয় ১৩, তিনই সেই উনুই যা দায়ূদ-কুলের জন্য খোলা যাইবে, পাপমোচনের জন্য। আমি বিশ্বাস করি যে তিনি সেই। আপনারা কি করেন না?

188 গীতসংহিতা ৩৬:৯, তিনিই দায়ূদের জীবনের উনুই। তিনি দায়ূদের বিশ্রাম জল, এবং তৃণভূষিত চরাণী। তিনি দায়ূদের জন্য নদীর ধারের জল।

189 আদিপুস্তক ১৭, তিনি হলেন অব্রাহামের শুশ্রুষার বক্ষ, এল শাদ্দাই। কিন্তু যখন তার জীবন তার কাছ থেকে চলে যায়, তখনও তিনি...ঈশ্বর বলেছেন।

190 "একশ বছর বয়সী পুরুষ, এটি কেমন করে হবে? আমি বৃদ্ধ, আমার স্ত্রী বৃদ্ধা, এটি কি করে হতে পারে?"

191 তিনি বলেছিলেন, “আমি এল শাদ্দাই।” এখন, *এল* হল “সেই,” এবং—এবং *শাদ্দাই* হল “বক্ষ,” আর শাদ্দাই হল বহুবচন, যার অর্থ হল “আমি সেই বক্ষযুক্ত ঈশ্বর।”

192 একটি অস্থির ও অসুস্থ শিশুর মতো, যার শক্তি তার থেকে চলে গেছে, মায়ের বক্ষ শুশ্রুষার মাধ্যমে তার শক্তি ফিরিয়ে আনে। নিশ্চিত। শুধু এটাই নয়...যখন সে শুশ্রুষা পায়, তখন সে আর অস্থির থাকে না। মায়ের বক্ষে, সে তার শক্তি পাওয়ার সময় সন্তুষ্ট থাকে।

193 আর যে কোন ব্যক্তি যে তার হৃদয়ে ঈশ্বরের প্রতিশ্রুতি গ্রহণ করবে, যে, “এই প্রতিজ্ঞা তোমাদের জন্য ও তোমাদের সন্তানগণের জন্য এবং দূরবর্ত্তী সকলের জন্য যত লোককে আমাদের ঈশ্বর প্রভু ডাকিয়া আনিবেন,” আর ঠিক এর সঙ্গে রেখে শুশ্রুষার মাধ্যমে আপনার শক্তি ফিরে আনে। অস্থির শিশু, এটা বিশ্বাস করুন! এটা বিশ্বাসীদের জন্য।

194 বিশ্বাসী লেখকের কথা মনে করতে পারি, অনেক গানের কথায় লেখকেরা আমাদের খুঁজে পেয়েছেন। তাদের মধ্যে একজন একবার বলেছিলেন, তিনি:

রক্তে ভরা ঝরণা আছে,
ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা,
যখন পাপীরা গভীরে ডুব দেয়,
তাদের সমস্ত পাপের দাগ মিটে যায়।

সেই মৃতপ্রায় চোর দেখে আনন্দিত হয়েছিল
তার সময়ে সেই ঝরণাটি;
সেখানে আমি, যদিও তার মতো জঘন্য,
আমার সমস্ত পাপ ধুয়ে দিন।

আর যখন থেকে আমি বিশ্বাসের দ্বারা সেই নদী
  দেখেছি
তোমার প্রবাহিত ক্ষত সকল সরবরাহ করে,
পরিত্রাণের প্রেম আমার রচনার বিষয় হয়েছে,
আর এটি থাকবে আমার মৃত্যু পর্যন্ত।

195 আমার কাছে, তিনি বিচ্ছেদের বাক্যের জল, যা আপনাকে তার বাক্যের বিপরীত সবকিছু থেকে আলাদা করে। তিনিই সেই ঝরণা, আমি এটা বিশ্বাস করি। হ্যাঁ, মহাশয়। এটি, এটি সেই জল যা আমাকে মানবসৃষ্ট কূপ থেকে জীবন্ত জলের উনুইের জন্য আলাদা করেছে। ওহ, বন্ধু, তিনি আমাদের জন্য যা সেই—সেই জিনিসটি

নিয়ে, আমি...আপনি এটি নিয়ে ক্রামাগত এগিয়ে যেতে পারেন! তিনি আল্‌ফা, ওমিগা। তিনিই আদি, তিনিই অন্ত। তিনিই তিনি যিনি ছিলেন, আছেন এবং আসবেন। তিনি দায়ূদের মূল ও বংশ। তিনি প্রভাতীয় তারা। সব মিলিয়ে তিনিই আমার সব।

196 আর, ভাই, বোন, যদি আপনার একটি—একটি না থাকে... এই ছোট্ট মানবসৃষ্ট কূপ থেকে সারাজীবন পান করছেন, কেন আজ সকালে সেই কূপ পরিত্যাগ করে এই ঝরণার কাছে আসবেন না?

197 আসুন কিছু সময়ের জন্য মাথা নত করি। আমাদের মাথা নত করে...[এক বোন অন্য ভাষায় গান গাইতে শুরু করেন। টেপের খালি অংশ—সম্পাদকীয়।] ...আমার মতে, বেদীতে আহ্বান। এখন কতজন?

198 আমি—আমি নার্ভাস ছিলাম, আমি—আমি আপনাদের দীর্ঘ সময় নিচ্ছিলাম, আমাকে আমার বার্তাটি টুকরো টুকরো করে দিতে হয়েছিল। কিন্তু আমি বিশ্বাস করি, পবিত্র আত্মা চান যেন আপনি, আমি যা বলছি তা বুঝতে পারেন। দেখুন, এই সময়ে ঈশ্বরের সঙ্গে সঠিক হওয়ার চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছুই নেই; দেখুন, আমাদের রাতের খাবার, যাই হোক না কেন, যাই হোক না কেন। প্রভু এখানে আছেন। এখন, আমি সেই সময় থেকে আমার জীবনে মাত্র একবার শুনেছি।

199 এমন কেন...আপনারা সবাই এখানে, না "কতজন।" এখানে আপনারা সবাই যারা পান করতে চান, প্রার্থনার জন্য শুধুমাত্র এক মিনিট উঠে দাঁড়ান। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন। প্রভু আপনাদের আশীর্বাদ করুন।

200 এখন এখানে কতজন, যারা—যারা এখন দাঁড়িয়ে আছেন, বলবেন, *এভাবে* হাত উপরে তুলে, "ঈশ্বর, আমার উপর চলে আসুন, আমাকে পূরণ করুন, আমাকে এই ঝরণা থেকে পান করতে দিন। আর আমি যা ঠিক তা করিনি, কিন্তু আমি—আমি চাই আপনি এর জন্য আমাকে ক্ষমা করুন। আমি চাই আপনি আমার পাপ মুছে ফেলুন। আর আমাকে—আমাকে—আমাকে, এই দিন থেকে, শুধু..."? শুধু দেখুন! আমার!

রক্তে ভরা ঝরণা আছে,
ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা,
পাপীরা সেখানে ধৌত হয়,
তাদের সমস্ত পাপের দাগ মিটে যায়।
তাদের সমস্ত পাপের দাগ মিটে যায়,

তাদের সমস্ত পাপের দাগ মিটে যায়;
আর পাপীরা সেখানে ধৌত হয়,
তাদের সমস্ত পাপের দাগ মিটে যায়।

201 এখন যেহেতু, আপনি একজন খ্রিস্টান বিশ্বাসী, আপনি খ্রীষ্টকে আপনার ব্যক্তিগত পরিত্রাতা হিসাবে গ্রহণ করেছেন, কিন্তু আপনি এখনও...এখনও যদি না করে থাকেন, এটাই সেই ঝরণা। সেটাই একমাত্র ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা ঝরণা যার সম্পর্কে আমি জানি। এখন, যদি আপনাদের মধ্যে অনেকে এখানে...

202 এটা ঠিক যেন, আমি অন্য রাতে এই ছোট্ট ঈগলটির বিষয়ে বলছিলাম, যে খামারে মুরগির সাথে হাঁটছিল। আর সে মুরগি ছাড়া আর কিছুই জানত না, কিন্তু সে জানত যে সে মুরগির থেকে আলাদা। তখন তার মা তাকে খোঁজ করতে আসে, আর সে উপর থেকে চিৎকার করে। এটি একটি ঈগলের ডাক ছিল। দেখুন, তাকে ঈগল হতে হবে, শুরু করার জন্য, নতুবা সে কখনই সেই ডাকটি চিনতে পারতো না। দেখুন, সে...

203 সেখানে কিছু থাকতে হবে, অঙ্কুরিত হয়ে, নতুবা এটি কখনই জীবন নিয়ে আসতে পারে না। আর যদি বীজ, ঈশ্বরের বাক্য, আপনার মধ্যে থাকে, পবিত্র আত্মা এখন এটিকে অঙ্কুরিত করতে এবং এটিকে আপনার কাছে বাস্তবায়িত করতে এসেছেন।

204 এখানে কতজন পবিত্র আত্মার বাপ্তিস্ম গ্রহণ করেনি, আপনারা কি হাত উপরে তুলবেন ? চারপাশে, সর্বত্র, সত্যিকারের সৎ হয়ে, যদি আপনারা পবিত্র আত্মা না পেয়ে থাকেন, আর যদি আপনারা চান, আপনাদের হাত উপরে তুলুন। আপনি যেখানেই থাকুন না কেন, আপনার হাত উপরে তুলুন, একটি মুহূর্তের জন্য।

205 এখন আমি চাই, আপনি সেখানে দাঁড়িয়ে তাদের দিকে তাকান, আমি চাই কেউ তাদের উপর আপনার হাত রাখুন।

206 আমি বিশ্বাস করি এই মুহূর্তে পবিত্র আত্মা আপনাদের প্রত্যেককে পূর্ণ করবেন যারা প্রার্থনা করেন। এখন ক্যাফেটেরিয়ায় খাবারের কথা ভাববেন না। আসুন এখানে এই খাদ্য সম্পর্কে চিন্তা করা যাক। এটিই সেইটি। এটিই জীবন। দেখুন, এটিই জীবন।

207 এখন আপনারা প্রত্যেকে ঘুরে দাঁড়ান এবং একে অপরের উপর হাত রাখুন। "আর তারা তাদের উপর তাদের হাত রাখে!" এখন আমি চাই আপনি সেই ব্যক্তির জন্য প্রার্থনা করুন যার উপর আপনি আপনার হাত রেখেছেন...

208 এখন বাইরে যাওয়ার বিষয়ে ভাববেন না। অন্য কোন বিষয় নিয়ে ভাববেন না। এই মুহূর্তে, শুধু চিন্তা করুন, পবিত্র আত্মা প্রতিটি ব্যক্তিকে পূরণ করতে এখানে আছেন। আপনাদের হৃদয় উন্মুক্ত করুন, কূপের সব জল ফেলে দিন, আর বলুন, "হে জীবনের উনুই, আমার মধ্যে আসুন। হে প্রভু ঈশ্বর, আপনার ধার্মিকতা ও করুণা দিয়ে আমাকে পূর্ণ করুন।"

209 সেই অফুরন্ত ঝরণা, প্রভু যীশু! আমি প্রার্থনা করি, ঈশ্বর, আপনি তাদের প্রত্যেককে পূর্ণ করবেন। পবিত্র আত্মা এখানে যেন নেমে আসে। আমি প্রার্থনা করি, ঈশ্বর, আমরা যেন অন্য সবকিছু ভুলে যাই; যেন এখনই পবিত্র আত্মা আমাদের মাঝে নেমে আসেন, আর আমাদেরকে সেই জীবনের জল বিনামূল্যে, সর্বত্র প্রদান করেন। এটি প্রদান করুন, হে ঈশ্বর। যখন—যখন প্রার্থনা ও গানের ধারাবাহিকতা, একসাথে মিশ্রিত হয়, প্রভু, এটি আপনার উপস্থিতি, আপনার ঐশ্বরিক উপস্থিতি জেনে আমরা ঝরণার কাছে আসতে চাই। আমরা পবিত্র আত্মার প্রকৃত, বিশুদ্ধ বাপ্তিস্ম চাই। প্রভু, এই লোকেরা এর জন্য প্রার্থনা করছে। আমি প্রার্থনা করি যে, এই সঠিক মুহুর্তে, তারা যেন ঈশ্বরের ধার্মিকতায় পূর্ণ হয়। এটি প্রদান করুন, হে ঈশ্বর। আপনার সন্তানদের প্রার্থনা শুনুন। আপনি তাদের সত্তার উপর আসতে পারেন, ঈশ্বরের শক্তি, এবং পবিত্র আত্মা তাদের উপর দিয়ে প্রবাহিত করুন। এটি প্রদান করুন, ঈশ্বর।

210 আমাদের মাঝে স্বর্গের পরাক্রমশালী ঈশ্বরের উপস্থিতির জন্য, আমাদেরকে সতেজ করার জন্য, আমরা আপনাকে ধন্যবাদ জানাই! ঠিক এই দুপুরের সময়, প্রভু, আমাদের খাদ্য প্রদান করুন! প্রভু, আমরা আপনার মেজ থেকে খাবার চাই। আমাদের এখনই খাদ্য প্রদান করুন, প্রভু। আমাদের জীবনে, পবিত্র আত্মা দিয়ে আমাদের খাদ্য প্রদান করুন। আমাদের ক্ষুধার্ত শুকনো আত্মা তৃষ্ণার্ত। যেমন আপনি গানটির ব্যাখ্যায় বলেছেন, "এটি শুকনো মাটিতে জল ঢেলে দেবে।" এটি ঘটতে দিন, প্রভু। আপনার বাণী আপনার সন্তানদের হৃদয়ে প্রকাশিত হোক, "শুষ্কভূমি জলাশয় হইয়া যাইবে।" চিরন্তন ঈশ্বর, আপনার দাসের প্রার্থনা শুনুন এবং আমাদেরকে সেই আশীর্বাদ প্রদান করুন। আমেন।

ওহ, আমি যীশুকে কত ভালবাসি,

211 এখন শুধু তাঁর প্রশংসা করতে থাকুন। খুঁজে বের করুন, পবিত্র আত্মা এখানে আছেন। আপনি যদি এটি গ্রহণ না করেন তবে এটি আপনার দোষ।

...আমি যীশুকে কত ভালোবাসি,
“তুমি কি আমাকে এগুলোর চেয়ে বেশি ভালোবাসো ?”
...যীশুকে ভালবাসি,
কারণ তিনি আমাকে প্রথমে ভালবেসেছেন।
ওহ, আমি কত ভালোবাসি...(সমস্ত প্রশংসা ঈশ্বরের !)
ওহ, আমি কত ভালোবাসি...(যদি তিনি এই মুহূর্তে আসেন ?)
ওহ, আমি যীশুকে কত ভালবাসি,
কারণ তিনি আমাকে প্রথমে ভালবেসেছেন।

আমি তাকে কখনো ত্যাগ করব না,
আমি তাকে কখনো ত্যাগ করব না,
আমি তাকে কখনো ত্যাগ করব না,
কারণ তিনি আমাকে প্রথমে ভালবেসেছেন।

বিস্ময়কর, বিস্ময়কর, যীশু আমার কাছে,
মন্ত্রী, শান্তির যুবরাজ, পরাক্রমশালী ঈশ্বর তিনি;
ওহ, আমাকে রক্ষা করেন, আমাকে সমস্ত পাপ এবং লজ্জা থেকে রক্ষা করেন,
আমার মুক্তিদাতা বিস্ময়কর, তাঁর প্রশংসা কর...

212 আসুন এখন তাঁর জন্য এটি গাই !

বিস্ময়কর, বিস্ময়কর, যীশু আমার কাছে,
মন্ত্রী, শান্তির যুবরাজ, পরাক্রমশালী ঈশ্বর তিনি;
ওহ, আমাকে রক্ষা করেন, আমাকে সকল পাপ এবং লজ্জা থেকে রক্ষা করেন,
বিস্ময়কর আমার মুক্তিদাতা, তাঁর নামের প্রশংসা কর !

213 সকলে যারা এটি মনে করেন, বলুন “আমেন।” [মণ্ডলী বলল, “আমেন।”—সম্পাদকীয়।] ওহ, হালেলুইয়া ! আমি দেখতে পাচ্ছি কিছু লোক আসছেন, পবিত্র আত্মা নিয়ে।

আমি একসময় হারিয়ে গিয়েছিলাম, এখন খুঁজে পেয়েছি, দোষারোপ মুক্ত,
যীশু স্বাধীনতা এবং সম্পূর্ণ পরিত্রাণ প্রদান করেন;
আমাকে রক্ষা করেন, আমাকে সকল পাপ ও লজ্জা থেকে রক্ষা করেন,

বিস্ময়কর আমার মুক্তিদাতা, প্রশংসা...

আসুন এখন আমরা হাত উপরে উঠাই আর সত্যিকার প্রশ-...

ওহ, চমৎকার, বিস্ময়কর, যীশু আমার কাছে,
একজন মন্ত্রী, শান্তির যুবরাজ, পরাক্রমশালী ঈশ্বর তিনি;
ওহ, আমাকে রক্ষা করেন, আমাকে সকল পাপ এবং লজ্জা থেকে রক্ষা করেন,
বিস্ময়কর আমার মুক্তিদাতা, তাঁর নামের প্রশংসা কর!

214 আপনারা কি তাকে ভালবাসেন? ওহ, চমৎকার! রক্তে ভরা সেই ঝরণার প্রশংসা হোক, যেখানে পাপীরা মানুষের সমস্ত ভয়, সমস্ত নিন্দা হারিয়ে ফেলে, তাঁর মধ্যে স্বাধীন। হালেলুইয়া! ওহ, আমার, এটা সত্যিই বিস্ময়কর!

215 এখন যখন আমরা এটি পুনরায় গাই, আসুন সকল মেথডিস্ট, ব্যাপটিস্ট, ক্যাথলিক, প্রেসবিট্যারিয়ান, আমরা যখন এটি গাই তখন, "বিস্ময়কর, যীশু আমার কাছে," আসুন ঘুরে দাঁড়াই এবং একে অপরের সাথে হাত মেলাই, একটি পুরানো ধাচের সাক্ষাত। আপনারা জানেন, আমি, এটাই আমি পছন্দ করি। আসুন, আমরা এটি গাইব যখন আমরা এটা করি।

ওহ, চমৎকার, বিস্ময়কর, যীশু আমার কাছে,

216 [ভাই ডেমোস শাকারিয়ান ভাই ব্রানহামের সাথে কথা বলেছেন, "ভাই ব্রানহাম, আমি এইমাত্র প্রেসিডেন্ট জনসনের কথা শুনেছি, হৃদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ছুটে গিয়েছেন, আর হয়তো তার জন্য এবং আমাদের রাষ্ট্রের জন্য আমাদের প্রার্থনা করা উচিত।" কেউ বললেন, "এক মিনিট অপেক্ষা করা যাক।"—সম্পাদকীয়।]

...বিস্ময়কর, যীশু, (এটা ঠিক।)
ওহ, মন্ত্রী, শান্তির যুবরাজ,

217 [ভাই শাকারিয়ান পুনরায় ভাই ব্রানহামের সাথে কথা বলছেন, "আমাকে ক্ষমা করুন, আমাকে আবার ক্ষমা করুন, আপনি কি এক মিনিটের জন্য নিচে আসতে পারেন?" ভাই আর্ল প্রিকেট গান গেয়ে মণ্ডলীর নেতৃত্ব দেন, *অসাধারণ*। টেপের খালি অংশ। মণ্ডলী গাইছে *জীবনের একটি নদী আছে*। টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

বাইবেল বলে, “যারা কর্তৃত্বে আছেন তাদের জন্য প্রার্থনা করুন।”

218 আমাদের স্বর্গীয় পিতা, আমরা আমাদের রাষ্ট্রের নেতা, আমাদের রাষ্ট্রপতির জন্য একটি প্রয়োজনে দাঁড়িয়ে আছি। তিনি হয়তো কখনোই এটা জানবেন না, প্রভু, কিন্তু আপনি তা জানেন। আমি ভাই জনসনের জন্য প্রার্থনা করি, যেহেতু তিনি আপনার উপর বিশ্বাসী বলে দাবি করেছেন। এবং, পিতা, হার্ট অ্যাটাক, আমরা বুঝতে পারছি, তাকে আঘাত করেছে। আমি প্রার্থনা করি, ঈশ্বর, তার জীবন রক্ষা করুন। আমরা এই মুহূর্তে একটি—একটি জাতীয় সংকট রয়েছি। আপনার আত্মাকে তার উপর আসতে দিন, প্রভু। আর এই মুহূর্তে, হাসপাতালে বা যেখানেই তিনি থাকেন না কেন, আপনার আত্মাকে সেই ওয়াল্টার রিড হাসপাতালে নেমে আসতে দিন এবং তার শরীরকে স্পর্শ করুন, তার জীবন রক্ষা করুন। প্রভু, মানুষটি চাপের মধ্যে আছে, আমরা যা বুঝি তার চেয়েও বেশি চাপে। তাই আমরা প্রার্থনা করি, ঈশ্বর, বিশ্বাসী হিসাবে এবং এই রাষ্ট্রের একটি অংশ হিসাবে, আমরা আমাদের নেতার জন্য প্রার্থনা করি, যে আপনি এই মহান সময়ে তার জীবনকে প্রসারিত করবেন, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

65-0123 ভগ্ন কূপ
রামাদা ইন
ফিনিক্স, অ্যারিজোনা ইউ.এস.এ.

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org